# Heidelberg Catechism in Bengali Language

**(Translated by Covenant Evangelical Reformed Church Kolkata. India)**

**Contact Details: emmanuelsingh@live.com, CellNo 91. 990.343.1850**

**প্রভুর দিন - ১**

**প্রশ্ন ১. জীবন ও মৃত্যুর একমাত্র শান্তনা কী?**

উত্তর জীবন ও মৃত্যু তে আমার শরীর ও আত্মা আমার নয়,তা আমার ত্রানকর্তা প্রভু যীশু খ্রীষ্টের। যিনি তাঁর মহামূল্য রক্ত সেচনের মাধ্যমে আমার পাপের মূল্য/বেতন দিয়েছেন। শয়তানের শক্তি থেকে মুক্ত ও রক্ষা করেছেন। স্বর্গস্থ পিতার ইচ্ছা ছাড়া আমার মাথার একগাছি চুল ও নষ্ট হবে না। এই সত্য আমরা জানি যে ,যারা ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী আহূত তারা সব পরিস্থিতেই ঈশ্বর তাদের কল্যান সাধন করেন। পবিত্র আত্মার দ্বারা তিনি অনন্ত জীবনের প্রতিশ্রুতি দিয়েছেন ও আমাকে আন্তরিক ভাবে তৈরি করেছেন তাঁর সন্তান রূপে চিরকাল তাঁর সঙ্গে বসবাস করার জন্য।

১. ১করিন্থিয় ৬ ১৯,২০। ২. রোমীয় ১৪ ৭,৮,৯ ৩। ১করিন্থিয় ৩ ২৩ । ৪.১পিতর ১ ১৮ ও ১৯।

৫. ১ যোহন ১ ১৭।৬. ১ যোহন ৩ ৮; ইব্রীয় ২ ১৪,১৫। ৭.যোহন ৬ ৩৯ ও ১০ ২৮,২৯।

৮.লূক ২১ ১৮; মথি ১০ ৩০। ৯. রোমীয় ৮ ২৮। ১০. ২করিন্থিয় ১ ২২ ও ৫ ৫। ১১. রোমীয় ৮ ১৪ ও ৭ ২২।

**প্রশ্ন ২.কী কী প্রয়োজনীয় বিষয় আপনাকে জানতে হবে,যাতে আপনি স্বাচ্ছন্দে উপভোগর সঙ্গে জীবন ধারন করতে পারেন ও সুখের সঙ্গে মৃত্যুবরন করতে পারেন?**

উত্তর তিনটি বিষয়; প্রথমত কত গভীর আমার পাপ ও তার যন্ত্রনা, দ্বীতীয়ত কী ভাবে আমি আমার পাপময় জীবন থেকে মুক্ত হতে পারি ও তৃতীয়ত; মুক্ত হয়ে কী ভাবে ঈশ্বরের কাছে আমি আমার কৃতজ্ঞতা প্রকাশ করি।

১.লূক ২৪ ৪৭। ২. ১করিন্থিয় ৬ ১০,১১; যোহন ৯ ৪১; রোমীয় ৩ ১০,১৯। ৩.যোহন ১৭ ৩।

৪.ইফিযীয় ৫ ৮,৯,১০।

**প্রভুর দিন - ২**

**প্রশ্ন ৩. কোথায় এই পাপ ও তার পরিনামের কথা জানতে পারি?**

উত্তর ঈশ্বরের বিধান থেকে।

১. রোমীয় ৩ ২০.

**প্রশ্ন ৪. আমাদের কাছে ঈশ্বরের ব্যবস্থার প্রয়োজনীতা কী ?** .

উত্তর প্রভু যীশু খ্রীষ্ট সংক্ষেপে আমাদেরকে যে শিক্ষা দিয়েছেন - মথি ২২ ৩৭ -৪০।

‘তোমার সমস্ত অন্ত করণ,তোমার সমস্ত প্রাণ ও তোমার মন দিয়ে তোমার ঈশ্বর প্রভুকে প্রেম করিবে,’এইটী মহৎ ও প্রথম আজ্ঞা। আর দ্বীতীয়টী ইহার তুল্য ‘তোমার প্রতিবাসীকে আপনার মত প্রেম করিবে’। এই দুইটি আজ্ঞাতে সমস্ত ব্যবস্থা এবং ভাববাদি গ্রন্থও ঝুলিতেছে।

১. লূক ১০ ২৭।

**প্রশ্ন ৫. আপনী কী এই সমস্ত ব্যবস্থা পালন করতে পারবেন?**

Created using easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর   কেউ ধার্মিক নয় কারন জৈব প্রকৃতিতে আসক্ত মানুষ হল প্রতিবেশী ও ঈশ্বরের শত্রু।

১. রোমীয় ৩ ১০;১ যোহন ১ ৮। ২.রোমীয় ৮ ৭;তীত ৩ ৩।

**প্রভুর দিন - ৩**

প্রশ্ন ৬. ঈশ্বর কী মানুষ কে এত অধার্মিক ও বিকৃত স্বভাব যুক্ত করে সৃষ্টি করেছিলেন?

উত্তর  কখনই না। ঈশ্বর আপনার নিজ প্রতিমূর্তিতে মানুষকে সৃষ্টি করেছিলেন, প্রকৃত ধার্মিক ও পবিত্র রূপে। যেন মানুষ প্রকৃত রূপে জানতে পারে যে ঈশ্বরই তার সৃষ্টি কর্তা ও মানুষ যেন প্রকৃত ও আন্তরিক ভাবে ঈশ্বরকে প্রেম করে ও অনন্তকালিন সুখের সঙ্গে ঈশ্বরের সঙ্গে বসবাস করে এবং তাঁর প্রসংসা করে।

১.আদিপুস্তক ১ ৩১। ২. আদিপুস্তক ১ ২৬ -২৭;কলসীয় ৩ ১০;ইফিষীয় ৪ ২৪।৩. ইফিষীয় ১ ৬; ১করিন্থিয় ৬ ২০.

**প্রশ্ন ৭. কখন থেকে মনুষ্য স্বভাবের পতন হল?**

উত্তর এদন উদ্যানে আমাদের আদি পিতা মাতার অবাধ্যতার কারণে, আমাদের স্বভাব এতটাই মন্দতা পূর্ণ হলো যে আমরা পাপেই গর্ভধারণ এবং পাপেই জন্মগ্রহন করি।

১. আদিপুস্তক ৩ ৬;রোমীয় ৫ ১২,১৮,১৯। ২. গীতসংহিতা ৫১ ৫; আদিপুস্তক ৫ ৩।

**প্রশ্ন ৮. আমরা কী এতই নীতিভ্রষ্ট যে আমরা কোন কিছু ভাল করতে পারি না এবং আমরা কী সমস্ত অসাধুতায় পূর্ণ?**

উত্তর  হ্যাঁ অবশ্যই তাই, যদি না আমরা ঈশ্বরের আত্মা দ্বারা স্বরুপান্তরিত হই।

১. আদিপুস্তক ৬ ৫, ইয়োব ১৪ ৪;১৫ ১৪ ও ১৬। ২. যোহন ৩ ৫; ইফিষীয় ২ ৫।

**প্রভুর দিন - ৪**

**প্রশ্ন ৯. ঈশ্বর আমাদের তাঁর ব্যবস্থা পালন করতে বলে, তিনি কী আমাদের উপর অবিচার করছেন না— যা আমরা পালন করতে অসমর্থ?**

উত্তর  কখনই না। ঈশ্বর মানুষকে তাঁর ব্যবস্থা পালন করতে সক্ষম রূপে সৃষ্টি করেছেন। কিন্তু মানুষ শয়তানের প্ররোচনায় ও স্ব'ইচ্ছায় ঈশ্বরের অবাধ্য হয়ে নিজেদের ও তাদের বংশধরদের স্বর্গীয় আর্শীবাদ থেকে বঞ্চিত করেছে।

১.উপদেশক ৭ ২৯। ২.যোহন ৮ ৪৪ ২ করিন্থিয় ১১ ৩। ৩. আদিপুস্তক ৩ ৪,৭। ৪. রোমীয় ৫ ১২

**প্রশ্ন ১০. ঈশ্বর কী এই অবাধ্যতা ও বিদ্রোহীতার জন্য মানুষকে শাস্তি থেকে বঞ্চিত করবেন?**

উত্তর  কখনই না। আমাদের মৌলিক ও প্রকৃত পাপের জন্য ঈশ্বর অসন্তুষ্ট এবং অবশ্যই তিনি সাময়িক ও চিরতরের জন্য বিচার করে শাস্তি দেবেন। তিনি ঘোষনা করেছেন যে সেই সমস্ত ব্যক্তিরা অভিশাপ গ্রস্ত হবেন যারা ব্যবস্থা পুস্তকে লিখিত সমস্ত বিধান অনুযায়ী জীবন অতিবাহিত না করেন।

১. গীতসংহীতা ৫ ৫। ২. রোমীয় ১ ১৮,দ্বিতীয় বিবরন ২৮ ১৫; ইব্রীয় ৯ ২৭।৩. দ্বিতীয় বিবরন ২৭ ২৬, গালাতীয় ৩ ১০.

**প্রশ্ন ১১. ঈশ্বর কী তখন কৃপাবান হবেন না?**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর  ঈশ্বর সত্যই দয়ালু ও কৃপাময় কিন্তু তিনি বিচারে সিদ্ধ যে সমস্ত পাপ তাঁর গৌরব ও মর্য্যাদা হানি করে তার জন্য তিনি শাস্তি দেবেন। সেই শাস্তি হবে চরম এবং তা হবে দেহ ও আত্মার চিরস্থায়ি শাস্তি।

১. যাত্রাপুস্তক ৩৪ ৬।২. যাত্রাপুস্তক ২০ ৫, ইয়োব ৩৪ ১০,১১।৩. গীতসংগীতা ৫ ৫,৬। ৪. আদিপুস্তক ২ ১৭, রোমীয় ৬ ২৩।

**প্রভুর দিন ৫**

**প্রশ্ন ১২. ঈশ্বরের ন্যায় বিচারে আমরা সাময়িক ও চিরন্তন শাস্তির যোগ্য। ঈশ্বরের অনুগ্রহে কী আমারা পুনরায় শাস্তি থেকে উদ্ধার পেতে পারি?**

উত্তর  ঈশ্বরের বিচার সন্তোষ জনক, তাই আমাদের প্রত্যেকেই একে অন্যের জন্য তাঁর সন্তুষ্টি বিধান করতে হবে।

১. যাত্রাপুস্তক ২০ ৫। ২. দ্বিতীয় বিবরন ২৪ ১৬; ২ করিন্থিয় ৫  ১৪,১৫।

**প্রশ্ন ১৩. আমরা কী নিজেরাই তাঁর সন্তুষ্টি বিধান করতে পারি?**

উত্তর  কোন উপায়েই না বরং প্রতিদিন আমরা আমাদের পাপ বৃদ্ধি করতে থাকি।

১. ইয়োব ৯ ২,৩; ১৫ ১৪-১৬। ২. মথি ৬ ১২; যিশাইয় ৬৪ ৬।

**প্রশ্ন ১৪. এমন কী কোন সৃষ্ট জীব বা জন্তু আছে যার দ্বারা আমরা আমাদের কে সন্তুষ্ট করতে পারি?**

উত্তর  কেউনা, প্রথমত ,ঈশ্বর মানুষের পাপের জন্য অন্য কোন সৃষ্ট জীব বা জন্তুকে শাস্তি দেবেন না , কোন সামন্য সৃষ্ট জীব বা জন্তু মানুষের পাপের জন্য ঈশ্বরের ক্রোধ বহন করতে পারবে না এবং অন্য কাউকে তার থেকে উদ্ধার করতে পারবে না।

১. যিহিস্কেল ১৮ ২০। ২. প্রকাশিত বাক্য ৫ ৩; গীতসংহিতা ৪৯ ৮,৯ ।

**প্রশ্ন ১৫. কেমন শান্তি দাতা ও উদ্ধার কর্তা আমাদের প্রয়োজন?**

উত্তর  এমন এক জন ব্যক্তি যিনি মানুষ এবং প্রকৃতই ঈশ্বর যিনি প্রকৃত ধার্মিক এবং সমস্ত সৃষ্ট জীবের থেকে   শক্তিমান।

১. ১ করন্থিয় ১৫ ২১; রোমীয় ৮ ৩। ২. রোমীয় ৯ ৫; যিশাইয় ৭ ১৪.

**প্রভুর দিন ৬**

**প্রশ্ন ১৬. কেন তিনি প্রকৃত রূপেই মানুষ এবং প্রকৃত রূপেই ধার্মিক ?**

উত্তর  কারন ঈশ্বরের বিচার অনুসারে মানুষকে পাপ থেকে উদ্ধারের জন্যএমন এক মানুষের প্রয়োজন যার মধ্যে কোন পাপ নেই কারন কোন পাপী অন্য পাপী কে উদ্ধার করতে পারে না।

১. রোমীয় ৫ ১২,১৫। ২. ১ পিতর ৩ ১৮; যিশাইয় ৫৩ ১১.

**প্রশ্ন ১৭. কেন তিনি এক জন ব্যক্তি ও অন্যদিকে ঈশ্বর ?**

উত্তর  কারন তিনি তার ঐশ্বরিক শক্তির দ্বারা মানুষের পাপ স্বভাবের জন্য ঈশ্বরের ক্রোধ থেকে আমাদের কে উদ্ধার করে পুনরায় ধার্মিক জীবন দিতে সক্ষম।

১. ১ পিতর ৩ ১৮;প্রেরিত ২ ২৪; যিশাইয় ৫৩ ৮। ২. ১যোহন ১ ২ ; যিরমিয় ২৩ ৬; ২তীমথিয় ১ ১০; যোহন ৬ ৫১.

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রশ্ন ১৮. কে ঈশ্বর ও মানুষের মধ্যে মধ্যস্থতাকারি? কে সেই ব্যক্তি যিনি প্রকৃত ধার্মিক ও অন্য দিকে ঈশ্বর?**

উত্তর  আমাদের প্রভু যীশুখ্রীষ্ট। যিনি আমাদের কে জ্ঞান,ধার্মিকতা, পবিত্রতা এবং উদ্ধার দিয়েছেন।

১. মথি ১ ২৩,১ তিমথীয় ৩ ১৬; লুক ২ ১১। ২. ১ করন্থিয় ১ ৩০.

**প্রশ্ন ১৯. কোথায় আপনি এই কথা জানতে পারেন?**

উত্তর  পবিত্র সুসমাচার থেকে, যেখানে ঈশ্বর নিজেকে প্রথম এদন উদ্যানে প্রকাশিত করেছিলেন এবং পরবর্তীতে আমাদের পিতৃপুরুষের মাধ্যমে ও ভাববাদিদের দ্বারা যা ধর্মীয় ব্যবস্থার মাধ্যমে প্রতিফলিত হয়েছিল এবং সর্বশেষে তিনি প্রভু যীশুখ্রীষ্টের দ্বারা নিজেকে সম্পূর্ন রূপে প্রকাশিত করেছেন।

১. আদিপুস্তক ৩ ১৫। ২. আদিপুস্তক ২২ ১৭,১৮;২৮ ১৪; রোমীয় ১ ২; ইব্রীয় ১ ১;যোহন ৫ ৪৬।

৩. ইব্রীয় ১০ ৭,৮। ৪. রোমীয় ১০ ৪; ইব্রীয় ১৩ ৮.

**প্রভুর দিন - ৭**

**প্রশ্ন ২০.  আদমের পাপের দ্বারা অভিশপ্ত প্রত্যেকটি মানুষ কী প্রভু যীশুর দ্বারা উদ্ধার প্রাপ্ত হবেন?**

**উত্তর  না, যারা প্রভু যীশুর দ্বারা বদ্ধমূল বা মজ্জাগত এবং যারা প্রকৃত বিশ্বাস দ্বারা তাঁর সমস্ত উপকারিতাকে গ্রহন করে।**

১. মথি ১ ২১; যিশাইয় ৫৩ ১১। ২. যোহন ১ ১২,১৩; রোমীয় ১১ ২০; ইব্রীয় ১০ ৩৯.

**প্রশ্ন ২১. প্রকৃত বিশ্বাস কী?**

উত্তর  প্রকৃত বিশ্বাস কোন বিশেষ জ্ঞান নয় বরং সে সমস্ত বিষয়ে বিশ্বাস করা যা ঈশ্বর নিজে কে তার বাক্যের মাধ্যমে প্রকাশিত করেছেন এবং পাপের ক্ষমা,অনন্তকালিন ধার্মিকতা এবং প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে উদ্ধারের নিশ্চয়তা যা আমাদের  হৃদয়ে পবিত্র আত্মার মাধ্যমে প্রকাশিত করেছেন।

১. যোহন ৬ ৬৯;১৭ ৩; ইব্রীয় ১১ ৩,৬। ২. ইফিষীয় ৩ ১২। ৩. রোমীয় ৪ ১৬,২০,২১; ইব্রীয় ১১ ১; ইফিষীয় ৩ ১২;  রোমীয় ১ ১৬; ১ করন্থিয় ১ ২১; প্রেরিত১৬ ১৪; মথি ১৬ ১৭; যোহন ৩ ৫।

৪. রোমীয় ১০ ১৪,১৭; মথি ১৬ ১৭; যোহন ৩ ৫। ৫. রোমীয় ৫ ১। ৬ গালাতীয় ২ ২০.

৭. রোমীয় ৩ ২৪ - ২৬।

**প্রশ্ন ২২. খ্রীষ্টানদের অবশ্যকরণীয় বা অবশ্যপালনীয় বিশ্বাস কী?**

উত্তর  নিঃসন্দেহে পালন করতে হবে ঈশ্বরের বাক্যে দত্ত প্রতিশ্রুতি গুলি ও নিখিল বিশ্বব্যাপি বিশ্বাস সুত্র গুলি ।

১. যোহন ২০ ৩১;মথি ২৮ ১৯,২০।

**প্রশ্ন ২৩. বিশ্বাস সুত্র গুলি কী কী?**

উত্তর ১. আমি স্বর্গ মর্ত্ত সৃষ্টিকারি সর্বশক্তিমান পিতা ঈশ্বরের উপর বিশ্বাস করি।

Created using easyPDF Printer
Click here to purchase a license to remove this image

২. এবং তাঁহার একমাত্র পুত্র আমাদের প্রভু যীশুখ্রীষ্ট,যিনি পবিত্র আত্মা দ্বারা গর্ভস্থ হইলেন,কুমারী মরিয়ম হইতে জন্ম নিলেন,পন্তিয় পীলাতের সময়ে দুঃখ ভোগ করিলেন,ক্রুশবিদ্ধ হইলেন,মরিলেন ও কবরস্থ হইলেন,পরলোকে নামিলেন,তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন,স্বর্গেআরোহন করিলেন এবং সর্বশক্তিমান পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন,তথা হইতে জীবিত ও মৃতদের বিচার করিতে আসিবেন।

৩. আমি পবিত্র আত্মায়,পবিত্র নিখিল বিশ্ব মণ্ডলিতে, সাধুদের সহভাগিতায়, পাপমোচনে,শরীরের পুনরুত্থানে ও অনন্ত জীবনে বিশ্বাস করি। আমেন

**প্রভুর দিন - ৮**

**প্রশ্ন ২৪. এই বিশ্বাস কেমন ভাবে বিভক্ত?**

উত্তর তিন ভাগে বিভক্ত। প্রথম - পিতা ঈশ্বর ও তার সৃষ্টির বিষয়ে। দ্বিতীয় - ঈশ্বর পুত্র ও আমাদের উদ্ধারের বিষয়ে । তৃতীয়ত - পবিত্র আত্মা ও আমাদের পরিশুদ্ধতার বিষয়ে।

১. আদিপুস্তক ১। ২.১ পিতর ১ ১৮,১৯। ৩. ১ পিতর ১ ২১,২২.

**প্রশ্ন ২৫. যদি ঈশ্বর এক এবং অদ্বিতীয় হন, তবে কেন আমরা পিতা, পুত্র ও পবিত্র আত্মা এই তিন আলাদা নামে ডাকি?**

উত্তর ঈশ্বর তাঁর বাক্যের মাধ্যমে আমাদের শিক্ষা দিয়েছেন যে এই তিন ব্যাক্তিত্ব প্রকৃত পক্ষে একই বা একজন - তিনি একমাত্র সর্বশক্তিমান ঈশ্বর।

১.দ্বিতীয় বিবরণ ৬ ৪। ২.আদিপুস্তক ১ ২৬, যিশাইয় ৬১ ১;যোহন ১৪ ১৬,১৭; ১যোহন ৫ ৭;যোহন ১ ১৩;মথি ২৮ ১৯; ২ করন্থিয় ১৩ ১৪.

**প্রভুর দিন - ৯**

**প্রশ্ন ২৬. কোন প্রত্যয়ে আপনি বলতে পারেন যে আপনি স্বর্গ ও মর্ত্তের সৃষ্টিকর্তা সর্বশক্তিমান পিতা ঈশ্বরের উপর বিশ্বাস করেন?**

উত্তর প্রভু যীশুখ্রীষ্ট পরম পিতা ঈশ্বর তাঁর সৃষ্ট সমগ্র জীবের পরিচালনা দান করেছেন ও তাঁর পুত্রের মাধ্যমে পরামর্শদান ও যত্নশীল হয়ে পরিচর্যা করছেন তাই আমি তাকে সম্পূর্ণ বিশ্বাস করি। আমার কোন সন্দেহ নেই , তিনিই আমায় সব কিছু দিয়েছেন যা শরীর ও আত্মার প্রয়োজন। আমার সমস্ত পাপ ও দুঃখ থেকে একমাত্র সর্ব্বশক্তিমান ঈশ্বরই আমাকে রক্ষা করতে পারেন।

১. আদিপুস্তক ১,২; গীতসংহীতা ৩৩ ৬। ২. আদিপুস্তক ১১৫ ৩;মথি ১০ ২৯; ইব্রীয় ১ ৩;যোহন ৫ ১৭।

৩. যোহন ১ ১২,১৬; রোমীয় ৮ ১৫,১৬;গালাতীয় ৪ ৫,৬;ইফিষীয় ১ ৫; ১যোহন ৩ ১।

৪. গীতসংহীতা ৫৫ ২২;মথি ৬ ২৬.। ৫. রোমীয় ৮ ২৮;৪ ২১। ৬. রোমীয় ১০ ১২৩ মথি ৬ ২০;৭ ৯ -১১।

**প্রভুর দিন - ১০**

প্রশ্ন ২৭. ঈশ্বরের দূরদর্শিতা বা ঐশ্বরীয় বিধান বলতে আপনি কী বোঝেন?

উত্তর সর্বশক্তিমান ঈশ্বরের শক্তির মহিমা সর্বত্রই বিরাজমান। স্বর্গ, পৃথিবী এবং সমস্ত সৃষ্ট জীব জগৎকে তিনি পরিচালনা করেন সুতরাং লতাগুল্ম বা ঘাস, খরা বা বৃষ্টি, সু ফলা বা অনুৎপাদক বৎসর, খাদ্য ও পানীয়, সুস্থতা ও অসুস্থতা, ধনী ও গরিব - এই সমস্ত কিছু আমাদের জীবনে হঠাৎ আসে না বরং এ সমস্ত কিছু ঈশ্বরের ইচ্ছা অনুসারে আমাদের জীবনে আসে।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

১.প্রেরিত ১৭ ২৫- ২৮।২. ইব্রীয় ১ ৩।৩.যিরমিয় ৫ ২৪।৪. প্রেরিত ১৪ ১৭।৫.যোহন ৯ ৩.

৬.উপদেশক ২২ ২; ইয়োব ১ ২১।৭. মথি ১০ ২৯;৩০; ইফিষীয় ১ ১১.

**প্রশ্ন ২৮. ঈশ্বর সমস্ত কিছু সৃষ্টি করেছেন এবং সমস্ত কিছুর নিয়ন্ত্রন কর্তা - এটি আমাদের কাছে কী গুরত্ব নিয়ে আসে?**

উত্তর যেন আমরা বিপরীত পরিস্থিতিতে ধৈর্য্যশীল ও সাফল্যের জন্য ধন্যবাদ ও সমস্ত কিছু কার্য্যের জন্য ঈশ্বরের প্রতি দৃঢ় ভাবে বিশ্বস্ত থাকি এবং কোন কিছুই যেন তার প্রেম থেকে আমাদের বিচ্ছিন্ন না করে কারন সমস্ত কিছুই তার তালুতে আবদ্ধ এবং তার ইচ্ছা বিনা কোন কিছুই চলমান হওয়া সম্ভব নয়।

১. রোমীয় ৫ ৩;গীতসংহীতা ৩৯ ১০।২. দ্বিতীয়বিবরন ৮ ১০, ১থিষলনীকীয় ৫ ১৮।৩. রোমীয় ৫ ৩ -৬।

৪. রোমীয় ৮ ৩৮,৩৯।৫. ইয়োব ১ ১১২;২ ৬;মথি ৮ ৩১; যিশাইয় ১০ ১৫।

**প্রভুর দিন - ১১**

**প্রশ্ন ২৯. যীশুকে কেন ঈশ্বরের পুত্র ও ত্রানকর্তা বলা হয়?**

উত্তর কারণ তিনি আমাদের পাপ থেকে মুক্ত করেছেন ও উদ্ধার দিয়েছেন। কেবল মাত্র তার মধ্যেমেই আমরা উদ্ধার পাই অন্য কারো মাধ্যমে নয়।

১. মথি ১ ২১।২. প্রেরিত ৪ ১২.

**প্রশ্ন ৩০. যারা তাদের নিজ পরিত্রানের অন্বেষী এবং সন্ত বা সজ্জনদের কল্যান সাধনকারি অথবা নিজেদের কিংবা অন্যকিছুর - তারা কী প্রভু যীশুকে একমাত্র উদ্ধার কর্তা বলে বিশ্বাস করেন?**

উত্তর তারা করে না। তারা শুধু তাদের বাক্যের মাধ্যমে যীশুর গৌরব করেন কিন্তু তারা প্রভু যীশুকে একমাত্র উদ্ধার কর্তা ও মুক্তিদাতা হিসাবে স্বীকার করেন না। তাদের কাছে দুটোর মধ্যে একটা সত্য - প্রভু যীশু সম্পূর্ণ উদ্ধার কর্তা নয় বা যারা পূর্ণ বিশ্বাস সহকারে উদ্ধার কর্তাকে গ্রহন করেছেন এবং তাঁর কাছেই উদ্ধারের প্রয়োজনীয় সমস্ত জিনিস তারা খুঁজে পাবেন।

১.১ করন্থিয় ১ ১৩,৩১;গালাতীয় ৫ ৪।২. কলসীয় ২ ২০; যিশাইয় ৯ ৬,৭;কলসীয় ১ ১৯,২০.

**প্রভুর দিন - ১২......**

**প্রশ্ন ৩১. কেন প্রভু যীশুকে পরিত্রাতা বলা হয়?**

উত্তর কারন তিনি পিতা ঈশ্বরের দ্বারা নির্বাচিত ও পবিত্র আত্মা দ্বারা অভিষিক্ত আমাদের মূখ্য ভাববাদি ও গুরু । তিনি আমাদেরকে স্বর্গীয় গূঢ় তত্বকে সম্পূর্ণ রূপে আমাদের কাছে প্রকাশ করেছেন এবং আমাদের উদ্ধারের জন্য পিতা ঈশ্বরের চিন্তাকে ব্যক্ত করেছেন এবং একমাত্র মহাযাজক হয়েছেন, যিনি বহুমূল্য শরীরকে আমাদের উদ্ধারের জন্য উৎসর্গ করেছেন এবং পিতা ঈশ্বরের সঙ্গে মধ্যস্থতা করেছেন ও আমাদের অনন্ত কালের রাজা হয়েছেন। যিনি আমাদেরকে তার বহুমূল্য রক্তের দ্বারা ক্রয় করেছেন এবং তার বাক্য ও পবিত্র আত্মার মধ্য দিয়ে আমাদের মধ্যে আছেন ও আমাদেরকে পরিত্রানের অনন্ত আনন্দ দিয়েছেন।

১. ইব্রীয় ১ ৯।২. দ্বিতীয় বিবরন ১৮ ১৮;প্রেরিত ৩ ২২; যোহন ১ ১৮;১৫ ১৫;মথি ১১ ২৭।

৩. গীতসংহীতা ১১০ ৪, ইব্রীয় ৭ ২১,১০ ১৪।৪. রোমীয় ৮ ৩৪।৫. গীতসংহীতা ২ ৬; লুক ১ ৩৩

৬. মথি ২৮ ১৮; যোহন ১০ ২৮.

**প্রশ্ন ৩২. কেন আমরা আমাদের কে খ্রীষ্টীন বলি?**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর  কারন আমি বিশ্বাসের দ্বারা খ্রীষ্টের সঙ্গে যুক্ত এবং আমি তার অভিষেকের অংশীদ্দার সুতরাং আমি তার পবিত্র নামকে স্বীকার করি এবং আমি আমার দেহকে জীবিত,পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ করেছি তাকে ধন্যবাদ দেওয়ার জন্য, সেইজন্য এই জীবনে আমি স্বাচ্ছন্দে ও স্বজ্ঞানে পাপ ও শয়তানের সঙ্গে লড়াই করতে পারি এবং তিনি স্বর্গীয় শক্তিতে সমস্ত সৃষ্ট জীবের উপর রাজত্ব করেন।

১.  ১ করন্থিয় ৬ ১৫। ২. ১ যোহন ২ ২৭; যোয়েল ২ ২৮। ৩.মথি ১০ ৩২। ৪. রোমীয় ১২ ১।

৫.  ইফিষীয় ৬ ১১,১২; ১ তীমথিয় ১ ১৮,১৯। ৬. ২ তীমথিয় ২ ১২।

**প্রভুর দিন - ১৩**

**প্রশ্ন ৩৩. কেন খ্রীষ্টকে ঈশ্বর পিতার একজাত পুত্র বলা হয় যেখানে আমরাও ঈশ্বরের পুত্র বলে বিবেচিত?**

উত্তর   কারন কেবল মাত্র খ্রীষ্টই ঈশ্বর পিতার একমাত্র সাংসারিক ও অনন্তকালিন পুত্র কিন্তু আমরা ঈশ্বরের অনুগ্রহে তাঁর দত্তক পুত্র তাঁর মহিমার জন্য।

১. যোহন ১ ১; ইব্রীয় ১ ২।২. রোমীয় ৮ ১৫ - ১৭; ইফিষীয় ১ ৫,৬।

**প্রশ্ন ৩৪. কেন যীশু খ্রীষ্টকেআমরা প্রভু বলে  ডাকি?**

উত্তর   কারন তিনি তার বহুমূল্য রক্তের দ্বারা আমাদের শরীর ও আত্মাকে আমাদের সমস্ত পাপ থেকে পরিত্রান দিয়েছেন এবং আমাদেরকে শয়তানের সমস্ত শক্তি থেকে উদ্ধার করে তার দৃষ্টিতে আমাদেরকে মূল্যবান করেছেন।

১. ১পিতর ১ ১৮,১৯; ১ করন্থিয় ৬ ২০।

**প্রভুর দিন - ১৪**

**প্রশ্ন ৩৫. ' তিনি পবিত্র আত্মার শক্তিতে এবং কুমারী মরিয়মের গর্ভে জন্মগ্রহন করেছিলেন' - এই কথার অর্থ কী?**

উত্তর  তিনি ঈশ্বর পিতার পবিত্র এবং অনন্ত কালিন সন্তান যিনি প্রকৃতই ঈশ্বর ছিলেন। তিনি শরীর এবং রক্তে কুমারী মরিয়মের গর্ভে পবিত্র আত্মার শক্তিতে জন্মগ্রহন করেন যাতে তিনি প্রকৃতই দায়ুদের বংশধর হন ও বিনা পাপে সমস্ত পরিক্ষায় পরিক্ষিত হন।

১. যোহন ১ ১; কলসীয় ১ ১৫; গীতসংহীতা ২ ৭; রোমীয় ৯ ৫; ১যোহন ৫ ২০। ২. যোহন ১ ১৪;গালাতীয় ৪ ৪

৩. মথি ১ ১৮; লুক ১ ৩৫। ৪. গীতসংহীতা ১৩২ ২;প্রেরিত ২ ৩০; রোমীয় ১ ১৩। ৫. ফিলিপীয় ২ ৭; ইব্রীয় ৪ ১৫।

**প্রশ্ন ৩৬. খ্রীষ্টের পবিত্র ও  খ্রীষ্ট জন্ম আমাদের কাছে কী অর্থ বহন করে?**

উত্তর   তিনিই আমাদের মধ্যস্থতাকারি। তিনি আমাদের জন্ম ও জন্মের পরবর্তী পাপকে তার পবিত্র এবং ধার্মিকতার দ্বারা ঈশ্বরের দৃষ্টি থেকে আমাদের মুক্ত করেন।

১. ইব্রীয় ২ ১৬,১৭। ২. গীতসংহীতা ৩২ ১; ১ করন্থিয় ১ ৩০; রোমীয় ৮ ৩৪।

**প্রভুর দিন - ১৫**

**প্রশ্ন ৩৭. 'তিনি দুঃখভোগ করলেন'- এই কথা আমাদের কাছে কী অর্থ বহন করে?**

উত্তর   তিনি যতদিন পৃথিবীতে জীবিত ছিলেন বিশেষ করে তার শেষজীবনে তিনি সমস্ত মানুষের অধার্মিকতার জন্য আপন প্রান কে উৎসর্গ করলেন যাতে তিনি আমাদের শরীর ও আত্মাকে অনন্ত মৃত্যু থেকে রক্ষা করতে পারেন এবং আমাদের কে ধার্মিকতা ও অনন্ত জীবন দেওয়ার জন্য পিতা ঈশ্বরের কাছে অনুরোধ করতে পারেন।

১. ১ পিতর ২ ২৪; যিশাইয় ৫৩ ১২। ২. ১ যোহন ২ ২; রোমীয় ৩ ২৫।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রশ্ন ৩৮. কেন তিনি পীলাতের বিচারাধীনে দুঃখভোগ করলেন?**

উত্তর   তিনি নির্দোষ হয়েও এক জন পার্থিব বিচারকের কাছ থেকে শাস্তি ভোগ করলেন যাতে তিনি ঈশ্বরের ভয়াবহ বিচার থেকে আমাদেরকে বাঁচাতে পারেন।

১. লুক ২৩ ১৪;যোহন ১৯ ৪;গীতসংহীতা ৬৯ ৪। ২. গালাতীয় ৩ ১৩,১৪।

**প্রশ্ন ৩৯. তার অন্য রকমের মৃত্যু থেকে ক্রুশীয় মৃত্যু কী আমাদের কাছে বেশী গুরুত্বপূর্ণ?**

উত্তর   হ্যাঁ কারন ক্রুশীয় মৃত্যু যা আমার জন্য সঞ্চিত ছিল তিনি আমার পরিবর্তে নিজেকে ক্রুশারোপন করলেন ও মৃত্যু বরন করলেন।

১. দ্বিতীয় বিবরন ২১ ২৩; গালাতীয় ৩ ১৩।

**প্রভুর দিন - ১৬**

**প্রশ্ন ৪০. মৃত্যুতেও যীশুর নম্রতার কী প্রয়োজন ছিল?**

উত্তর   ঈশ্বরের সত্যনিষ্ঠ বিচার ও সত্যকে শ্রদ্ধা জানানোর জন্য কারন ঈশ্বর পুত্রের মৃত্যু দ্বারাই আমাদের পাপ থেকে মুক্তির পূর্ণতা।

১. আদিপুস্তক ২ ১৭। ২. ইব্রীয় ২ ৯,১০; ফিলিপীয় ২ ৮.

**প্রশ্ন ৪১. তিনি কেন কবরস্থ হলেন?**

উত্তর   তিনি প্রকৃতই মৃত্য এটা প্রমান করার জন্য।

১. প্রেরিত ১৩ ২৯;মার্ক ১৫ ৪৩,৪৬।

**প্রশ্ন ৪২. যেহেতু খ্রীষ্ট আমাদের জন্য মৃত্যু বরন করেছেন তাহলে আমাদের মৃত্যুর কী প্রয়োজন?**

উত্তর   আমাদের মৃত্যু আমাদের পাপের পরিশোধ নয় কিন্তু আমাদের পাপের লোপ মাত্র। আমাদের মৃত্যু দ্বারা আমারা অনন্ত জীবনের পথে অগ্রসর হই।

১. যোহন ৫ ২৪; ফিলিপীয় ১ ২৩।

**প্রশ্ন ৪৩. খ্রীষ্টের আত্মউৎসর্গ ও ক্রুশে মৃত্যু বরণ আমাদের কী ভাবে উপকৃত করে?**

উত্তর   আমাদের পুরাতন জীবন প্রভু যীশুর সাথে ক্রুশে মৃত্যু বরন করে এবং কবরস্থ হয় যাতে আমাদের শারীরিক অধর্ম জনিত পাপ আর আমাদের মধ্যে পুনরায় কর্তৃত্ব না করে এটাই হবে আমাদের ঈশ্বরের প্রতি প্রীতিজনক উৎসর্গ।

১. রোমীয় ৬ ৬, ৭ ও পরবর্তী অংশ। ২. রোমীয় ৬ ১২। ৩. রোমীয় ১২ ১.

**প্রশ্ন ৪৪. 'তিনি মৃত্যুলোকে অবতরন করলেন' - এই কথাটি যুক্ত হয়েছে কেন?**

উত্তর   আমার মহাপরীক্ষায় আমি সুনিশ্চিত ও স্বান্তনা পাই যে, আমার প্রভু যীশু খ্রীষ্ট যাতনাগ্রস্ত হইলেন , ক্ষতবিক্ষত হইলেন ও দুঃখ ভোগ করিলেন বিশেষ করে যখন তিনি ক্রুশোরোপিত ছিলেন যাতে তিনি আমাকে নরকের দুঃখ ও যন্ত্রনা থেকে মুক্ত করতে পারেন।

১. যিশাইয় ৫৩ ১০; মথি ২৭ ৪৬।

**প্রভুর দিন - ১৭**

**প্রশ্ন ৪৫. খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা আমরা কী ভাবে উপকৃত হতে পারি?**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর  প্রথমত - তিনি তার পুনরুত্থানের দ্বারা মৃত্যুকে জয় করেছেন যাতে তিনি আমাদেরকে তার ধার্ম্মিকতার সহভাগী করেন যা তিনি তার মৃত্যুর দ্বারা ক্রয় করেছেন।

দ্বিতীয়ত - তার পরাক্রমে আমরা নতুন জীবন প্রাপ্ত হয়েছি এবং তার পুনরুত্থান আমাদেরকে সুনিশ্চিত করে যে আমরাও পুনরুত্থিত হব।

১. ১ করন্থিয় ১৫ ১৬। ২. রোমীয় ৬ ৪; কলসীয় ৩ ১, এবং পরবর্তী অংশ। ৩. ১ করন্থিয় ১৫, রোমীয় ৮ ১১।

**প্রশ্ন ৪৬. ' তিনি স্বর্গারোহন হইলেন' - আমাদের কাছে এর অর্থ কী ?**

উত্তর  প্রভু যীশু তার শিষ্যদের সম্মুখে পৃথিবী থেকে স্বর্গে উন্নিত হলেন এবং আমাদেরই জন্য তিনি সেখানে অনুরোধ করছেন এবং তিনি আবার আসবেন মৃত ও জীবতদের বিচার করতে।

১. প্রেরিত ১ ৯; মার্ক ১৬ ১৯। ২. ইব্রীয় ৪ ১৪; রোমীয় ৮ ৩৪; ইফিষীয় ৪ ১০।

**প্রশ্ন ৪৭. তাহলে কী তিনি পৃথিবীর অন্ত পর্যন্ত আমাদের সঙ্গে থাকবেন না যেমন তিনি আমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলেন ?**

উত্তর  প্রভু যীশুখ্রীষ্ট একই সঙ্গে মানুষ এবং ঈশ্বর, মনুষ্য চরিত্রকে মর্যাদা দেওয়ার জন্য তিনি আর পৃথিবীতে নেই কিন্তু ঐশ্বরিকত্বের মর্যাদার জন্য তিনি তার প্রতাপে,অনুগ্রহে ও আত্মায় কোন সময়ই আমাদের মধ্যে অনুপস্থিত নয়।

১. প্রেরিত ৩ ২১; যোহন ৩ ১৩,১৬ ২৮;মথি ২৮ ২০।

**প্রশ্ন ৪৮. কিন্তু যদি তার ঐশ্বরিক গুণাবলির জন্য তার মনুষ্য গুণাবলির অবলুপ্তি হয় তাহলে কী খ্রীষ্টের দুটি চরিত্র একে অন্যের বিপরীত নয় ?**

উত্তর  কখনই না। তার ঐশ্বরিকত্ব সর্ববাপি ও অন্তহীন। যা তার পক্ষে সম্ভব তা মনুষ্যের পক্ষে অসম্ভব । তার দুটি চারিত্রিক গুণাবলি একে অন্যের সঙ্গে ঐক্য সাধন করে।

১. প্রেরিত ৭ ৪৯; মথি ২৪ ৩০। ২. মথি ২৮ ২০; যোহন ১৬ ২৮; যোহন ১৭ ১১; যোহন ৩ ১৩।

**প্রশ্ন ৪৯. যীশুর স্বর্গারোহন আমাদের কাছে কী গুরুত্ব বহন করে ?**

উত্তর  প্রথমত- তিনি স্বর্গস্থ পিতা ঈশ্বরের কাছে আমাদের জন্য মধ্যস্থকারি।

দ্বিতীয়ত - প্রভু যীশুতে আমরা সুনিশ্চিত যে আমরাও এক দিন পুনরুত্থিত হব এবং আমরা ব্যক্তিগত ভাবে তার আত্মা দ্বারা একদিন স্বর্গে মিলিত হব। যেহেতু প্রভুতে আমাদের মনুষ্য চরিত্র তাই আমাদের শরীর ও একদিন স্বর্গে উত্থিত হবে। পুনরুত্থানের পরে প্রথমে আমাদের আত্মা ও তারপরে আমাদের শরীর উত্থিত হবে। খ্রীষ্টের শরীর স্বর্গে এটা আমাদের কাছে স্মরণ করিয়ে দেয় যে আমরাও একদিন স্বর্গে যাব এবং স্বর্গে আমাদের শরীর ও আত্মার জন্য স্থান প্রস্তুত করা আছে।

তৃতীয়ত - তিনি আমাদের কে মুক্তির প্রতিশ্রুতি হিসাবে পবিত্র আত্মা কে আমাদের মধ্যে দিয়েছেন। পবিত্র আত্মার শক্তিতে আমরা প্রভু যীশু কে দেখতে পাই ও উর্দ্ধ স্থানের বিষয়ে জানতে পারি যেখানে খ্রীষ্ট আছেন, ঈশ্বরের দক্ষিণে বসে আছেন।

১. ইব্রীয় ৯ ২৪; ১ যোহন ২ ২; রোমীয় ৮ ৩৪। ২. যোহন ১৪ ২; ইফিষীয় ২ ৬। ৩.যোহন ১৪ ১৬;২ করন্থিয় ১ ২২; ২ করন্থিয় ৫ ৫। ৪. কলসীয় ৩ ১; ফিলিপীয় ৩ ২০।

**প্রভুর দিন - ১৯**

**প্রশ্ন ৫০. ' ঈশ্বরের দক্ষিণে বসিয়া আছেন' - এই কথাটির অর্থ কী ?**

উত্তর  তিনি মৃতগনের মধ্য হইতে উঠেছেন ও স্বর্গীয় স্থানে গমন করেছেন যাতে সমস্ত আধিপত্য,কর্ত্তৃত্ব,পরাক্রম ও প্রভুত্বের উপরে এবং যতনাম কেবল এই যুগে নয়, কিন্তু পরযুগেও উল্লেখ করা যায়,তৎসমুদয়ের উপরে পদান্বিত করিলেন এবং তাঁহাকেই সকলের উপরে মস্তক করে মণ্ডলীকে দান করলেন; সেই মণ্ডলী তাঁর দেহ, তাঁরই পূর্ণাতাস্বরূপ,যিনি সর্ববিষয়ে সমস্তই পূরণ করেন।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

১. ইফিষীয় ১ ২০ -২২; কলসীয় ১ ১৮। ২. মথি ২৮ ১৮ ; যোহন ৫ ২২।

**প্রশ্ন ৫১. 'তিনি আমাদের মস্তক' - এই কথা টি আমাদের কাছে ঈশ্বরের কী মহিমা প্রকাশ করে ?**

উত্তর   প্রথমত - তিনি তাঁর মণ্ডলীকে পবিত্র আত্মার শক্তিতে স্বর্গীয় অনুগ্রহে ঘিরে রেখেছেন।

দ্বিতীয়ত - তিনি তাঁর পরাক্রমে শয়তানের সমস্ত শৃঙ্খল থেকে আমাদের মুক্ত করেছেন।

১. ইফিষীয় ৪ ৮। ২. গীতসংহীতা ২ ৯; যোহন ১০ ২৮।

**প্রশ্ন ৫২. ' যীশুখ্রীষ্ট জীবিত ও মৃতদের বিচার করতে আবার আসবেন' - এই কথা আমাদের কে কী সন্তুষ্টি প্রদান করে ?**

উত্তর   যিনি আমার সমস্ত দুঃখ, যাতনা ও পাপের জন্য নিজেকে ঈশ্বরের বিচারে আহুতি দিলেন এবং আমার সমস্ত আভিশাপ থেকে আমাকে মুক্ত করেছেন, আবার স্বর্গ থেকে তিনি বিচার করতে আসবেন এবং তিনি আমার ও তাঁর সমস্ত শত্রুকে অনন্ত কালিন দণ্ডদেবেন এবং স্বর্গীয় জয় ও মহিমায় তিনি আমাকে তাঁর সমস্ত মননিত ব্যক্তিদের সঙ্গে আমাকে স্বর্গে গ্রহন করবেন।

**প্রভুর দিন - ২০**

**প্রশ্ন ৫৩. পবিত্র আত্মা সম্পর্কে তুমি কী বিস্বাস কর ?**

উত্তর   প্রথমত - তিনি পিতা ঈশ্বর, পুত্রের মতই সত্য ও অনন্ত কালিন পরমেশ্বর।

দ্বিতীয়ত - তিনি আমাকে প্রস্তুত করেছেন এবং প্রকৃত বিশ্বসের দ্বারা খ্রীষ্ট দেহের সঙ্গে অঙ্গীকৃত করেছেন এবং তাঁর সমস্ত উপযোগীতা দিয়েছেন যাতে তিনি আমাকে সান্ত্বনা দিতে পারেন এবং যাতেআমি তাঁর সঙ্গে  চিরকালের জন্য অবস্থিতি করি।

১. আদিপুস্তক ১ ২; যিশাইয় ৪৮ ১৬;  ১ করন্থিয় ৩ ১৬। ২. মথি ২৮ ১৯;  ২ করন্থিয় ১ ২২।

৩.গলাতীয় ৩ ১৪; ১ পিতর ১ ২। ৪. প্রেরিত ৯ ৩১। ৫. যোহন ১৪ ১৬; ১ পিতর ৪ ১৪.

**প্রভুর দিন - ২১**

**প্রশ্ন ৫৪. প্রভু যীশুর ' পবিত্র বিশ্ব মণ্ডলী' বলতে আমরা কী বুঝতে পারি ?**

উত্তর   ঈশ্বর পুত্র পৃথিবীর আদি থেকে অন্ত পর্যন্ত তিনি তাঁর মনোনীত ব্যক্তিদের একত্রিত,রক্ষিত ও সংরক্ষিত করেছেন পবিত্র আত্মা ও বাক্যের দ্বারা সমস্ত মানব জাতি থেকে, তিনি এক মণ্ডলীতে একত্রিত করেছেন যেখানে সমস্ত ব্যক্তি সত্য প্রকৃত বিস্বাসে সম্মত এবং সেইজন্য আমি অনন্ত কালের জন্য জীবন্ত সদস্য হওয়ে থাকব।

১. যোহন ১০ ১১; আদিপুস্তক ২৬ ৪। ২. রোমীয় ৯ ২৪; ইফিষীয় ১ ১০। ৩. যোহন ১০ ১৬।

৪. যিশাইয় ৫৯ ২১। ৫. দ্বিতীয়বিবরন ১০ ১৪,১৫। ৬.প্রেরিত ১৩ ৪৮।

৭. ১ করন্থিয় ১৮,৯; রোমীয় ৮ ৩৫ এবং পরবর্তী অংশ।

**প্রশ্ন ৫৫. ' শিষ্যদের অংশ গ্রহন' - বলতে তুমি কী বুঝতে পারি ?**

উত্তর   প্রথমত - যারা প্রভু যীশুর উপর বিস্বাস করে তারা প্রত্যেকই প্রভু যীশুর দেহের অংশ এবং তাঁর ঐশ্বর্য , দানের ও উপহারের অংশীদার।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

দ্বিতীয়ত - যাতে আমরা প্রত্যেকই আমাদের দায়িত্ব,কর্তব্য এবং উৎকৃষ্টতার সঙ্গে আমরা যে অনুগ্রহের দান পেয়েছি তার ব্যবহার করি যেন শুধু আপনার বিষয়ে নয়, কিন্তু পরের বিষয়েও লক্ষ রাখি।

১. যোহন ১ ৩,৪; রোমীয় ৮ ৩২; ১ করন্থিয় ১২ ১৩। ২. ১ করন্থিয় ১৩ ৫; ফিলিপীয় ২ ৪-৬।

**প্রশ্ন ৫৬. ' পাপের ক্ষমা প্রদান' বলতে তুমি কী বুঝতে পার?**

উত্তর   আমার জীবনের সমস্ত পাপ ও অধার্মিকতা যার জন্য সারা জীবন আমি যন্ত্রাগ্রস্থ ছিলাম, প্রভু যীশুর সন্তুষ্টির জন্য ঈশ্বর তা আর মনে রাখেন না কিন্তু অনুগ্রহ পূর্বক আমাকে প্রভু যীশুর ধার্মীকতা আমাকে দেন যেন আমি ঈশ্বরের বিচারে দণ্ডিত না হই।

১. ১ যোহন ২ ২; ২ করন্থিয় ৫ ১৯,২১। ২. যিরমিয় ৩১ ৩৪; গীতসংহীতা ১০৩ ৩,৪,১০,১১; রোমীয় ৮ ১ -৩।

৩. যোহন ৩ ১৮।

প্রভুর দিন - ২২

**প্রশ্ন ৫৭. 'শরীরের পুনরুত্থান' - তোমাকে কী সান্তনা দেয়?**

উত্তর   আমার মৃত্যুর পর আমার আত্মা প্রভু যীশুর কাছে চলে যাবে কারন খ্রীষ্ট তার মস্তক কিন্তু আমার শরীরও খ্রীষ্ট যীশুর শক্তিতে পুনরুত্থিত হবে এবং পুনরায় আমার আত্মার সঙ্গে তা একত্রিত হইবে এবং খ্রীষ্টের মহিমাময় / অপরুপ দেহে পরিনত করিবেন।

১. লুক ২৩ ৪৩;ফিলিপীয় ১ ২৩। ২.১ করন্থিয় ১৫ ৫৩;ইযোব ১৯ ২৫,২৬।

**প্রশ্ন ৫৮. ' অনন্ত জীবন' - এই সুত্র আপনাকে কীভাবে শান্তনা দেয়?**

উত্তর   যখন থেকে আমি তা জানতে পেরেছি আমি আমার হৃদয়ে অনন্ত আনন্দ অনুভব করিতেছি, এই মাংসিক জীবনের পর পরকালে আমি প্রকৃত পরিত্রন পাইব যা বহ্যদৃষ্টিতে দেখা যায় না বা কানেও শোনা যায় না বা মানুষের হৃদয়ও যা চিন্তা করে না এবং সেইজন্য আমি সর্বদা ঈশ্বরের প্রশংসা করব।

১. ২ করন্থিয় ৫ ২২,৩,৬; রোমীয় ১৪ ১৭। ২. গীতসংহীতা ১০ ১১। ৩. ১ করন্থিয় ২ ৯।

**প্রভুর দিন - ২৩**

**প্রশ্ন ৫৯. কিন্তু এই সমস্ত বিষয়ে বিশ্বাস আপনাকে কী ভাবে উপকৃত হবেন?**

উত্তর   যাতে আমি ঈশ্বরের নিকটে খ্রীষ্টের ধার্মিকতায় ধার্মিক ও অনন্ত জীবনের অংশীদার হতে পারি।

১. রোমীয় ৫ ১;১ ১৭; যোহন ৩ ৩৬।

**প্রশ্ন ৬০. কী ভাবে আপনি ঈশ্বরের নিকটে ধার্মিক হবেন?**

উত্তর   কেবল মাত্র যীশুখ্রীষ্টের উপর প্রকৃত বিশ্বাস করে।  আমার জ্ঞানে আমি র্নিলজ্জ যে আমি ঈশ্বরের কোন ব্যবস্থাকে সঠিক ভাবে পালন না করেও তার পূর্ণ্য করেছি যদিও আমার মনে সমস্ত পাপের প্রবনতা,আমার জ্ঞানে ও কার্যে আমি ঈশ্বরের সম্মুখে দাঁড়াতে অসমর্থ কিন্তু প্রভু যীশুখ্রীষ্টের অসীম অনুগ্রহে,করুনায়,ধার্মিকতায় এবং তাঁর পবিত্রতায় তিনি আমাকে সেই সমস্ত বিষয়ে আমাকে পূর্ণতা দিয়েছেন যা তিনি আমার জন্য অধিগ্রহন করেছেন এবং এই সমস্তই আমি খ্রীষ্টের উপর সম্পূর্ণ বিশ্বসের দ্বারা  পেয়েছি।

১. রোমীয় ৩ ২২ এবং পরবর্তী অংশ, গালাতীয় ২ ১৬; ইফিষীয় ২ ৮,৯। ২. রোমীয় ৩ ৯ এবং পরবর্তী অংশ।

৩. রোমীয় ৭ ২৩। ৪. রোমীয় ৩ ২৪। ৫. তীত ৩ ৫, ইফিষীয় ২ ৮,৯। ৬. রোমীয় ৪ ৪,৫; ২ করন্থিয় ৫ ১৯।

৭. ১ যোহন ২ ১। ৮. রোমীয় ৩ ২৪,২৫। ১০. রোমীয় ৩ ২৮;যোহন ৩ ১৮।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রশ্ন ৬১. কেন আপনারা বলেন যে আপনারা বিশ্বাসের দ্বারাই ধার্মিক?**

উত্তর আমি আমার বিশ্বাসের দ্বারা আমি ঈশ্বরের কাছে গ্রহন যোগ্য নই কিন্তু প্রভু যীশুর সন্তুষ্টি,ধার্মিকতা ও পবিত্রতার জন্যই আমি ঈশ্বরের নিকট ধার্মিক পরিগনিত হইয়াছি এবং এটা আমি অন্যকোন ভাবে পেতে পারি না কেবল মাত্র বিশ্বাসের দ্বারাই সম্ভব।

১. গীতসংহীতা ১৬ ২, ইফিষীয় ২ ৮,৯। ২. ১ করন্থিয় ১ ৩০;২ ২। ৩. ১যোহন ৫ ১০।

**প্রভুর দিন - ২৪**

**প্রশ্ন ৬২. কেন আমাদের ভাল কার্য্য সম্পূর্ণ্য ভাবে বা আংশিক ভাবে ঈশ্বরের নিকটে আমাদের ধার্মিকতা প্রমান করে না?**

উত্তর কারণ যে ধার্মিকতা ঈশ্বরের বিচারে গ্রহন যোগ্য তা অবশ্যই সঠিক এবং স্বর্গীয় সমস্ত ব্যবস্থার পরিপূরক হতে হবে। বাস্তবিক এই জীবনে আমাদের সমস্ত ভাল কার্য্যই অসম্পূর্ণ ও শাপের অধীন।

১. গালাতীয় ৩ ১০, দ্বিতীয় বিবরণ ২৭ ২৬। ২. যিশাইয় ৬৪ ৬।

**প্রশ্ন ৬৩. আমাদের ভাল কার্য কী আমাদের বুদ্ধির দ্বারা নয়, যা ঈশ্বর আমাদের কে আমাদের জীবনে ও ভবিষ্যতের জন্য দেবেন?**

উত্তর ঐ উপহার আমাদের বুদ্ধির দ্বারা নয় বরং ঈশ্বরের অনুগ্রহে।

১.লুক ১৭ ১০।

**প্রশ্ন ৬৪. এই ধর্মিয় তত্ত্ব কী মানুষকে অমনোযোগী/যত্নহীন এবং অধার্মিক করে না?**

উত্তর কখনই না। যারা প্রকৃত বিশ্বাসে প্রভু যীশুখ্রীষ্টের সঙ্গে গ্রথিত তাদের পক্ষে ধন্যবাদের ফল বহন করা অসম্ভব।

১. মথি ৭ ১৭,১৮;যোহন ১৫ ৫।

**প্রভুর দিন - ২৫**

**প্রশ্ন ৬৫. কেবল মাত্র আমরা বিশ্বাসের দ্বারা খ্রীষ্টের ও তাঁর সমস্ত অনুগ্রহের অংশীদার, কখন এই বিশ্বাস বিক্রয়লব্ধ অর্থ বহন করে?**

উত্তর পবিত্র আত্মা থেকে যিনি আমাদের হৃদয়ে বিশ্বাসের কার্য করেন সুসমাচার প্রচারের মাধ্যমে এবং ধর্মিয় অনুষ্ঠান পালনের মাধ্যমে তার নিশ্চয়তা প্রদান করেন।

১. ইফিষীয় ২ ৮;৬ ২৩; ফিলিপীয় ১ ২৯। ২. মথি ২৮ ১৯; রোমীয় ৪ ১১।

**প্রশ্ন ৬৬. ধর্মিয় অনুষ্ঠান কী?**

উত্তর ধর্মিয় অনুষ্ঠান গুলি পবিত্র, দর্শনীয় চিহ্ন ও শীলমহোর যা ঈশ্বর পৃথিবীর সমাপ্তি অবধি মনোনীত করেছেন যা পালনের মাধ্যমে তিনি দৃঢ় ভাবে ঘোষণা ও নিশ্চতা প্রদান করেন যা পবিত্র সুসমাচারে বর্ণিত আছে - আমাদের পাপ থেকে পরিত্রান ও অনন্ত জীবন যা প্রভু যীশুখ্রীষ্ট ক্রুশে আত্ম বলিদানের মাধ্যমে আমাদের জন্য অর্জন করেছেন।

১. আদিপুস্তক ১৭ ১১; রোমীয় ৪ ১১; যাত্রাপুস্তক ১২; লেবীয় ৬ ২৫;প্রেরিত ২২ ১১৬; প্রেরিত ২ ৩৮ মথি ২৬ ২৮।

**প্রশ্ন ৬৭. পৃথিবীর অন্ত অবধি কী বাক্য ও ধর্মিয় অনুষ্ঠান অভিশিক্ত ও নির্বাচিত যা আমাদের পরিত্রানের জন্য প্রভু যীশুর ক্রুশে আত্মবলিদান কে স্মরণ করিয়ে দেয়?**

উত্তর হ্যাঁ, পবিত্র আত্মা আমাদের কে সুসমাচার ও ধর্মিয় অনুষ্ঠানের মাধ্যমে নিশ্চয়তা প্রদান করেন যে আমাদের পরিত্রান প্রভু যীশুখ্রীষ্টের একবার আত্ম উৎসর্গের মাধ্যমে যা তিনি ক্রুশে আমাদের জন্য অর্জন করেছেন।

১. রোমীয় ৬ ৩ ; গালাতীয় ৩ ২৭।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রশ্ন ৬৮. কতগুলি ধর্মিয় অনুষ্ঠান কে প্রভু যীশুখ্রীষ্ট নতুন নিয়মে স্বকৃতি দিয়েছেন?**

উত্তর   দুটি , পবিত্র বাপ্তিস্ম ও পবিত্র প্রভু ভোজ।

১. ১ করন্থিয় ১০  ২ - ৪।

**প্রভুর দিন - ২৬**

**প্রশ্ন ৬৯. কী ভাবে আপনি নিশ্চিত হবেন যে পবিত্র বাপ্তিস্মের মাধ্যমে ক্রুশে প্রভু যীশুর এক মাত্র আত্ম উৎসর্গ আপনার জীবনে প্রকৃত আনন্দ দেবে?**

উত্তর   প্রভু যীশু জলে বাপ্তিস্মের মাধ্যমে এই সত্যকে  প্রতিস্থাপন করেছেন যে  জলে বাহ্যিক ধৌত করনের মাধ্যমে তাঁর প্রতিশ্রুতি মত তিনি তাঁর রক্ত ও পবিত্র আত্মার দ্বারা আমার আত্মার সমস্থ দূষণ  , যা আমার সমস্থ পাপ তা থেকে মুক্ত করেছেন। যখন আমি জলে বাপ্তিস্ম গ্রহন করি তার অর্থ আমার সমস্ত পাপ থেকে  তিনি আমাকে ধৌত বা মুক্ত করেছেন।

১. মথি ২৮ ১৯;প্রেরিত   ২ ৩৮।২. মার্ক ১৬ ১৬;মথি ৩ ১১; রোমীয় ৬ ৩।৩. মার্ক ১ ৪;লুক ৩ ৩।

**প্রশ্ন ৭০. প্রভু যীশুর রক্ত ও আত্মার দ্বারা আমাদের কী ধৌত বা মুক্ত হয়?**

উত্তর   ঈশ্বরের কাছ থেকে বিনা মূল্যে আমাদের পাপের ক্ষমা পওয়া, প্রভু যীশুর রক্তের মূল্যে যা তিনি আমাদের জন্য ক্রুশে উৎসর্গ করেছেন এবং পবিত্র আত্মার দ্বারা নতুনীকরন ও পবিত্র করনের মাধ্যমে আমাদেরকে তাঁর সহভাগীতায় নিয়েছেন যাতে আমরা পাপ থেকে মুক্ত হয়ে পবিত্র ও নিঃকলঙ্ক জীবন যাপন করতে পারি।

১. ইয়োব ১২ ২৪;১ পিতর ১ ২।২. যোহন ১ ৩৩;রোমীয় ৬ ৪;কলসীয় ২ ১১।

**প্রশ্ন ৭১. প্রভু যীশুখ্রীষ্ট কোথায় আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন যে যখন আমরা জলে বাপ্তিস্ম গ্রহন করি তৎখনাত তিনি তাঁর রক্ত ও আত্মা দ্বারা আমাদের পাপকে ধৌত করেন?**

উত্তর   বাপ্তিস্মর সমন্ধে পবিত্র শাস্ত্রে যা লেখা আছে - তোমরা গিয়া সমুদয় জাতিকে শিক্ষা দাও এবং পিতা,পুত্র ও পবিত্র আত্মার নামে বাপ্তাইজ কর। যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয়,সে পরিত্রান পাইবে; কিন্তু যে অবিশ্বাস করে,তাহার দণ্ডাজ্ঞা করা যাইবে। বাপ্তিস্ম সম্পর্কে পুনরায় উল্লেখ আছে যেখানে বাপ্তিস্মকে পুনর্জন্মের স্নান ও পাপ থেকে মুক্তির বিষয়ে বলা হয়েছে।

১. মথি ২৮ ১৯।২.মার্ক ১৬;১৬।৩. প্রেরিত ২২ ১৬।

**প্রভুর দিন - ২৭**

**প্রশ্ন  ৭২. জল দ্বারা বাহ্যিক বাপ্তিস্ম কী আমাদের পাপকে ধৌত করে?**

উত্তর   না,কেবল মাত্র প্রভু যীশুর রক্ত ও পবিত্র আত্মার দ্বারা আমাদের সমস্ত পাপ ধৌত করে।

১. মথি ৩ ১১; ১ পিতর ৩ ২১; ১যোহন ১ ১৭; ১ করন্থিয় ৬ ১১।

**প্রশ্ন ৭৩. তহলে পবিত্র আত্মা কেন  বাপ্তিস্মকে ‘পুনর্জন্মের স্নান’ ও ‘ সমস্ত পাপ ধৌত করণ’ বলেছেন?**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর   ঈশ্বর শুধু আমাদের এই শিক্ষাদেন যে , যামন ভাবে আমরা জল দ্বারা বাহ্যিক ভাবে শরীরকে ধৌত করি ঠিক সেই ভাবে প্রভু যীশুর রক্ত দ্বারা আমাদের সমস্ত পাপ ধৌত হয় কিন্তু তিনি বিশেষ ভাবে স্বর্গীয় প্রেম ও চিহ্নের দ্বারা আমাদেরকে নিশ্চয়তা প্রদান করেছেন যে প্রভু যীশু আত্মিক ভাবে আমাদের সমস্ত পাপকে ধৌত করেছেন যেমন আমরা জল দ্বারা বাহ্যিক ভাবে আমাদের শরীরকে ধৌত করি।

১. প্রকাশিত বাক্য ১ ৫; ১ করন্থিয় ৬ ১১। ২. মার্ক ১৬ ১৬; গালাতীয় ৩ ২৭।

**প্রশ্ন ৭৪. শিশুদের কী বাপ্তিস্ম দেওয়া উচিত ?**

উত্তর  শিশু ও প্রপ্তবয়স্করা খ্রীষ্টিয় মণ্ডলী এবং পবিত্র চুক্তির অঙ্গীকার  ভূক্ত , প্রভু যীশু এই প্রতিশ্রুতি দিয়েছেন যে শিশু ও প্রাপ্তবয়স্করা আলাদা নয় এবং প্রভু যীশুর রক্ত ও পবিত্র আত্মা যে আমাদের সমস্ত পাপ থেকে মুক্ত করেছেন । সুতরাং শিশুদের কে পবিত্র চুক্তি,খ্রীষ্টিয় মণ্ডলীর অংশ করা এবং অন্য পরজাতিও বাচ্চাদের থেকে আলাদা করার জন্য তাদের বাপ্তিস্ম দেওয়া প্রয়োজন। যামন পুরাতন নিয়মে সুন্নত করার মাধ্যমে তেমনই তা নতুন নিয়মে বাপ্তিস্ম রুপে প্রতিষ্ঠিত হয়েছে।

১. আদিপুস্তক ১৭ ৭;প্রেরিত ২ ৩৯। ২. ১ করন্থিয় ৭ ১৪;যোয়েল ২ ১৬; মথি ১৯ ১৪।

৩. লুক ১ ১৪,১৫; গীতসংহীতা ২২ ১০, প্রেরিত ২ ৩৯। ৪.প্রেরিত ১০ ৪৭;১ করন্থিয় ১২ ১৩,৭ ১৪।

৫. আদিপুস্তক ১৭ ১৪। ৬. কলসীয় ২  ১১ - ১৩।

**প্রভুর দিন - ২৮**

**প্রশ্ন ৭৫. ক্রুশের উপর প্রভু যীশুর আত্ম বলিদান ও তার উদ্দেশ্যকে তিনি সুষ্ঠ ভাবে সম্পাদন করেছেন এবং তাঁর সমস্ত সুফলকে কী ভাবে ঈশ্বর প্রভু ভোজের মধ্যদিয়ে তাঁর আদেশ এবং নিশ্চয়তা প্রদান করেছেন ?**

উত্তর  প্রভু যীশু আমাকে ও সমস্ত বিশ্বাসীকে তাঁর রুটি ও তাঁর পেয়ালায় পান করতে বলেছেন যাতে আমরা  প্রভু যীশুর ক্রুশে আত্ম বলিদানকে স্মরণ করতে পারি। তাঁর শরীর আমার জন্য ক্রুশোরপিত এবং ক্ষতবিক্ষত হয়েছে এবং আমার জন্য রক্ত ঝরিয়েছেন যখন আমি আমার চোখে প্রভু যীশুর ভগ্ন রুটি এবং পেয়লা দেখি তা আমায় মনে করিয়ে দেয় প্রভু যীশু আমার আত্মাকে অনন্ত জীবনের জন্য তৈরি করছেন। যখন আমি পরিচালকের কাছ থেকে রুটি ও পান পাত্র থেকে পান করি তা আমার কাছে প্রভু যীশুর শরীর এবং রক্তের চিহ্ন স্বরূপ।

১. মথি ২৬ ২৬ -২৮,মার্ক ১৪ ২২ - ২৪,লুক ২২ ১৯,২০, ১ করন্থিয় ১০  ১৬,১৭,;১১ ২৩ - ২৫।

**প্রশ্ন ৭৬. প্রভু যীশুর ক্রুশোরপিত শরীর ভক্ষন ও তাঁর রক্ত পান করার অর্থ কী ?**

উত্তর   এটা কেবল মাত্র বিশ্বাসীদের কাছে প্রভু যীশুর দুঃখ ভোগ ও তাঁর মৃত্যু নয় এবং সমস্থ পাপ ও অপরাধ থেকে মুক্তি এবং অনন্ত জীবনের কথা স্মরন করাই নয়, কিন্তু আমরা যাতে প্রভু যীশুর শরীরের সঙ্গে সম্পূর্ণ রূপে পবিত্র আত্মার দ্বারা সংযুক্ত হতে পারি এবং প্রভু যীশুর অস্থির অস্থি এবং মাংসের মাংস হতে পারি এবং আমরা এক শরীর, এক প্রাণ এবং এক আত্মা হিসাবে বাস করতে পারি।

১. যোহন ৬ ৩৫,৪০,৪৭,৪৮,৫০,৫১,৫৩,৫৪। ২. যোহন ৬ ৫৫। ৩. প্রেরিত ৩ ২১,১ ৯- ১১, ১ করন্থিয় ১১ ২৬।

৪. ইফিষীয় ৫ ২৯ - ৩২;১ করন্থিয় ৬ ১৫,১৭,১৯ ; ২ যোহন ৩ ২৪। ৫. যোহন ৬ ৫৬ - ৫৮, ইফিষীয় ৪ ১৫,১৬।

**প্রশ্ন ৭৭. কোথায় প্রভু যীশু প্রতিশ্রুতি দিয়েছেন যে তাঁর শরীর ও রক্ত দ্বারা তাঁর বিশ্বাসীদে প্রতিপালন করবেন যখন তারা বিশ্বাসে তাঁর রুটি ভোজন এবং পান পাত্রে পান করিবে ?**

উত্তর   পবিত্র প্রভুভোজ সম্পর্কে পবিত্র শাস্ত্রে উল্লেখ আছে  - প্রভু যীশু যে রাত্রে সমর্পিত হন , সেই রাত্রিতে তিনি রুটি লইলেন,এবং ধন্যবাদপূর্ব্বক ভাঙ্গিলেন,ও কহিলেন,'ইহা আমার শরীর,ইহা তোমাদের জন্য; আমার স্মরণার্থে ইহা করিও'।সেই প্রকারেতিনি ভোজনের পর পান পাত্রও লইয়া কহিলেন,'এই পান পাত্র আমার রক্তের নতুন নিয়ম;তোমরা যত বার পান করিবে,আমার স্মরণার্থে ইহা

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

করিও'।কারণ যত বার এই রুটি ভোজন কর, এবং পানপাত্রে পান কর,তত বার প্রভুর মৃত্যু প্রচার করিয়া থাক,যে পর্যন্ত তিনি না আইসেন।

১. ১ করন্থিয় ১১ ২৩,এবং পরবর্তী অংশ। ২. যাত্রপুস্তক ২৪ ৮, ইব্রীয় ৯ ২০।

৩. যাত্রাপুস্তক ১৩ ৯,১ করন্থিয় ১১ ২৬.৪। ৪. ১ করন্থিয় ১০ ১৬,১৭।

**প্রভুর দিন - ২৯**

**প্রশ্ন ৭৮. রুটি ও দ্রাক্ষারস কী প্রকৃত রূপে প্রভু যীশুখ্রীষ্টের শরীর ও রক্তে পরিনত হয়?**

উত্তর   না, যামন বাপ্তিস্মে এ জল প্রভু যীশুখ্রীষ্টের রক্তে পরিনত হয় না বা আমাদের পাপ ধুয়ে যায় না এটা কেবল মাত্র একটা চিহ্ন বা নিশচয়তা যা ঈশ্বর দ্বারা মনোনিত সেই  রূপে প্রভু ভোজের রুটিও যীশুর দেহে পরিনত হয় না,এটা কেবল মাত্র একটা আত্মিক শান্তি ও স্বস্তির মূর্ত অভিব্যক্তি হিসাবে পালিত ধর্মাআনুষ্ঠান, এটাকে প্রভু যীশুখ্রীষ্টের দেহ বলা হয়।

১. ১ করন্থিয় ১০ ১ -৪; ১ পিতর ৩ ২১, যোহন ৬ ৩৫,৬২,৬৩।

২. ১ করন্থিয় ১০  ১৬ ,এবং পরবর্তী অংশ. ১ করন্থিয় ১১ ২০ , এবং পরবর্তী অংশ।

৩.আদিপুস্তক ১৭ ১০,১১,১৪; যাত্রাপুস্তক ১২ ২৬,২৭,৪৩,৪৮;প্রেরিত ৭ ৮,মথি ২৬ ২৬;মার্ক ১৪ ২৪।

**প্রশ্ন ৭৯. কেন প্রভু যীশু বলেছেন রুটি ও দ্রাক্ষরস তাঁর নতুন নিয়মের শরীর ও রক্ত এবং পৌল বলেছেন ' খ্রীষ্টরে দেহ ও রক্তে অংশ গ্রহন কর' ?**

উত্তর   খ্রীষ্ট আমাদের শিখিয়েছেন যামন রুটি এবং দ্রাক্ষরস আমাদের শরীরের জন্য প্রয়োজনীয় ঠিক তেমনই যীশুখ্রীষ্টের ক্ষতবিক্ষত শরীর এবং রক্ত হল আমাদের আত্মার প্রকৃত মাংস ও পানীয় যা আমাদের অনন্ত জীবনের পথে নিয়ে যায়। কিন্তু এই বাহ্যিক চিহ্ন ও অনুষ্ঠান আমাদেরকে নিশচয়তা প্রদান করে যে আমরা পবিত্র আত্মা দ্বারা পরিচালিত হয়ে প্রকৃত পক্ষে প্রভু যীশুর শরীরে অংশগ্রহণ করি এবং যখন আমরা তা গ্রহন করি তখন আমরা তাঁর কথা স্মরণ করি , তাঁর সমস্থ দুঃখ এবং অজ্ঞাপালন আমাদের হয় ও আমরা আমাদের পাপের জন্য দুঃখ ভোগকে অনুভব করি এবং ঈশ্বরের সম্মুখে আমাদের পাপের সন্তুষ্টি প্রদান করি।

১.যোহন ৬ ৫১,৫৫,৫৬। ২. ১ করন্থিয় ১০ ১৬,১৭;১১ ২৬ - ২৮; ইফিষীয় ৫ ৩০।

৩. রোমীয় ৫ ৯,১৮,১৯;৮ ৪।

**প্রভুর দিন - ৩০**

**প্রশ্ন ৮০. প্রভুর ভোজ এবং পোপের দেওয়া ভোজের পার্থক্য কী?**

উত্তর   প্রভু ভোজ আমাদের কে পরিক্ষিত করে যে আমরা আমাদের সমস্ত পাপ থেকে পরিত্রান পায়েছি, যা প্রভু যীশুর একমাত্র আত্ম উৎসর্গ। তিনি ক্রুশের উপরে একবারেই আমাদের জন্য অর্জন করেছেন এবং পবিত্র আত্মার দ্বারা আমরা প্রভু যীশুর সঙ্গে একত্রিত হয়েছি, তিনি মনুষ্য স্বভাবের নিমিত্ত আর আমাদের মধ্যে নেই কিন্তু তিনি পিতা ঈশ্বরের দক্ষিন পার্শে এবং আমাদের উপাসনা গ্রহন করছেন - রোমান ক্যাথলিক দের দেওয়া ভোজ আমাদের শিক্ষাদেয় জীবিত কী মৃত কেউই খ্রীষ্টের দুঃখ ভোগের দ্বারা তাদের পাপ থেকে পরিত্রন পান নাই যতখন না খ্রীষ্ট নিজ শরীরকে রক্ত এবং মাংসে রূপে পরহিতকে তাদের জন্য সম্পৃত না করেন সুতরাং তারা খ্রীষ্টের দুঃখ ভোগ ও একমাত্র আত্ম উৎসর্গ কে অস্বীকার করে যা মূর্তি পূজার সমতুল্য।

১.  ইব্রীয় ৭ ২৭,৯ ১২,২৬; মথি ২৬ ২৮;লুক ২২ ১৯,২০; ২ করন্থিয় ৫ ২১। ২. ১ করন্থিয় ৬ ১৭,১২ ১৩।

৩. ইব্রীয় ১ ৩,৮ ১ এবং পরবর্তী অংশ।

৪. যোহন ৪ ২১ - ২৩; কলসীয় ৩ ১; ফিলিপীয় ৩ ২০;লুক ২৪ ৫২,৫৩;প্রেরিত ৭ ৫৫।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

৫. যিশাইয় ১ ১১,১৪ মথি ১৫ ৯;কলসীয় ২ ২২,২৩ ; যিরমিয় ২ ১৩।

**প্রশ্ন ৮১. কাদের জন্য প্রভু ভোজ প্রতিষ্ঠিত ?**

উত্তর যারা প্রকৃতই নিজ পাপের জন্য মর্মাহত এবং বিশ্বাস করেন যে তারা প্রভু যীশুর দ্বারা তাদের সমস্ত পাপ থেকে পরিত্রন পাবেন এবং তাদের সমস্ত দূর্বলতা প্রভু যীশুর মৃত্যুতে লুকাইত হবে এবং যারা ইচ্ছা করবেন বিস্বাস কে সুদৃঢ় করতে ও পবিত্র জীবন যাপন করতে। যারা ভণ্ড, যারা নম্র হৃদয়ে ঈশ্বরের দিকে মন পরিবর্তন করবেন না তারা ভোজন ও পনের মাধ্যমে ঈশ্বরের বিচারে দন্ডিত হইবেন।

১. মথি ৫ ৩,৬; লুক ১৫ ১৮,১৯। ২. গীতসংহীতা ১০৩ ৩। ৩.গীতসংহীতা ১১৬ ১২ - ১৪;১ পিতর ১১,১২।

৪. ১ করন্থিয় ১০ ২০,এবং পরবর্তী অংশ।; ১১ ২৮ এবং পরবর্তী অংশ।; তীত ১ ১৬; গীতসংহীতা ৫০ ১৫,১৬।

**প্রশ্ন. ৮২. যারা পাপ শ্বিকার করেছেন ও জীবিত আছেন এবং যারা নিজেদের অবিশ্বাসী ও অধার্মিক বলে বিস্বাস করেন তারা কী প্রভুভোজে অংশ গ্রহন করতে পারেন ?**

উত্তর না, এটা ঈশ্বরের চুক্তি অনুয়ায়ি ধর্মবিরুদ্ধ এবং ঈশ্বরের ক্রোধ সমগ্র মণ্ডলীর উপর বর্তিবে। সুতরাং যা প্রভু যীশু ও তাঁর প্রেরিত দ্বারা যাহা মননিত হয়েছে এবং এটা সমস্ত খ্রীষ্টিও মণ্ডলীর দায়িত্ব/ কর্তব্য যে সেই সমস্ত ব্যক্তি দের কে স্বর্গ রাজ্যের চাবির দ্বারা বহিস্কৃত করা যতখন না তারা নিজ জীবন কে পরিবর্তন না করে।

১. ১ করন্থিয় ১০ ২১;১১ ৩০,৩১; যিশাইয় ১ ১১,১৩; যিরমিয় ৭ ২১; গীতসংহীতা ৫০ ১৬,২২।

২. মথি ১৮ ১৭,১৮।

**প্রভুর দিন - ৩১**

**প্রশ্ন ৮৩. স্বর্গ রাজ্যের মূখ্য বিষয় কী কী ?**

উত্তর পবিত্র সুসমাচার প্রচার করা এবং খ্রীষ্টিয় নিয়ামানুবর্তী জীবন যাপন করা। এই দুটির দ্বারা বিশ্বাসীদের কাছে স্বর্গরাজ্য উন্মুক্ত হয় ও অবিশ্বাসীদের কাছে তা বন্ধ হয়।

১. মথি ১৬ ১৯। ২. যোহন ২০ ২৩। ৩. মথি ১৮ ১৫ -১৮।

**প্রশ্ন ৮৪. পবিত্র সুসমাচার প্রচারের মাধ্যমে কী ভাবে ঈশ্বরের রাজ্য উনমুক্ত ও বন্ধ হয় ?**

উত্তর প্রভু যীশু খ্রীষ্টের আদেশ অনুসারে এটা ঘোষিত ও সর্বজন স্বীকৃত প্রত্যেকটি বিশ্বাসীর জন্য, যে যখন তারা নিজ হৃদয় থেকে মঙ্গল সুসমাচারের প্রতিশ্রুতি কে গ্রহন করবে তখন ঈশ্বর প্রভু যীশু খ্রীষ্টের আত্ম বলিদানের মধ্য দিয়ে আমাদের সমস্ত পাপ কে ক্ষমা কবেন অন্য দিকে যারা প্রকৃত রুপে মনপরিবর্তন না করেন তারা ঈশ্বরের ক্রধের সম্মিখীন হবেন এবং অনন্ত কালিন স্বাস্তি ভোগ করিবেন কারন তারা খ্রীষ্টেতে অনাবৃত। সুসমাচার অনুসারে ঈশ্বর তাদের বিচার করিবেন এই জীবনে ও মৃত্যু পরবর্তী জীবনে।

১. মথি ১৮ ২৯। ২. যোহন ৩ ১৮,৩০; মার্ক ১৬ ১৬।

৩. ২ থিষলনীকীয় ১ ৭ - ৯,যোহন ২০ ২১ - ২৩. মথি ১৬ ১৯; রোমীয় ২ ২, ১৩ - ১৭।

**প্রশ্ন ৮৫. খ্রীষ্টিয় আজ্ঞা অনুবর্তীতার মাধ্যমে কী ভাবে স্বর্গ রাজ্য উন্মক্ত ও বন্ধ হয় ?**

উত্তর খ্রীষ্টের আজ্ঞা বা আদেশ অনুসারে যারা খ্রীষ্টিয় আদেশমালার মধ্যে আছেন এবং তা নিরন্তর পালন করছেন না তারা যদি খ্রীষ্টিয় মণ্ডলী ও মণ্ডলীর দ্বারা নিযুক্ত ব্যক্তিদের দ্বারা তাদের জীবনের অধার্মিকতা,ভুল ও ত্রুটি দেখিয়ে দেওয়া স্বত্তেও যদি তারা তাদের অবমাননা করেন ও নিজেদের কে পরিবর্তন না করেন তা হলে তাদের কে খ্রীষ্টিয় মণ্ডলী থেকে বহিস্কৃত করা হইবে এবং ঈশ্বরও তাদের কে খ্রীষ্টের রাজ্য থেকে বহিস্কৃত করবেন এবং যখন তারা প্রতিশ্রুতি করবেন ও খ্রীষ্টিয় আদেশ অনুসারে জীবন যাপন করবেন তখন তাদেরকে আবার খ্রীষ্টের সদস্য ও মণ্ডলীর সভ্য হিসাবে গ্রহন করা হইবে।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

১.মথি ১৮ ১৫। ২. ১ করন্থিয় ৫ ১১,১২। ৩. মথি ১৮ ১৫ - ১৮।

৪.রোমীয় ১২ ৭ -৯, ১ করন্থিয় ১২ ২৮. ১ তীমথিয় ৫ ১৭; ২ থিষলনীকীয় ৩ ১৪।

৫.মথি ১৮ ১৭; ১ করন্থিয় ৫ ৩ - ৫। ৬. ২ করন্থিয় ২ ৬ - ৮,১০,১১ ; লুক ১৫ ১৮।

**প্রভুর দিন - ৩২**

**প্রশ্ন ৮৬. আমরা আমাদের বুদ্ধির দ্বারা নয় বরং প্রভু যীশুর অসীম অনুগ্রহে আমরা আমাদের পাপ থেকে উদ্ধার পেয়েছি, তা হলে কেন আমাদের কে ভাল কাজ করিতে হবে?**

উত্তর প্রভু যীশু খ্রীষ্ট তার প্রতিমূর্তিতে, তাঁর বহু মূল্য রক্ত দ্বারা আমাদের কে আমাদের পাপ ধৌত ও মুক্ত এবং পবিত্র আত্মার দ্বারা নতুনীকৃত করেছেন । সেইজন্য যাতে আমরা সম্পূর্ণ হৃদয়ে ঈশ্বর কে তাঁর আর্শীবাদের জন্য ধন্যবাদ দিতে পারি এবং তাঁর বিস্বাসে আমাদের ভাল কার্য আমাদের পরিত্রানের নিশ্চয়তা প্রদান করে কারণ সেই ভাল কার্যের দ্বারা আমরা অন্যদের প্রভু যীশুতে লাভ করতে পারি।

১. ১ করন্থিয় ৬ ১৯,২০; রোমীয় ৬ ১৩,১২ ১,২; ২ পিতর ২ ৫,৯,১০। ২.মথি ৫ ১৬; ১পিতর ২ ১২।

৩.২ পিতর ১ ১০,গালাতীয় ৫ ৬,২৪। ৪. ১ পিতর ৩ ১,২; মথি ৫ ১৬; রোমীয় ১৪ ১৯।

**প্রশ্ন ৮৭. যারা দূষ্টকর্ম,অধার্মিকতার জীবন যাপন করেন তারা কী পরিত্রান পান নাই , তারা কী ঈশ্বরের নয়?**

উত্তর কখনই না। পবিত্র শাস্ত্র মতে কোন অশুচী,কলুষিত,ভ্রষ্ঠ,ব্যভিচারি,অশালীন,লোভী,চোর, ডাকাত,মদাকসক্ত ব্যক্তি,প্রতিমাপূজক, মিথ্যাবাদী, অন্যের দূর্নামকরা, অপবাদ দেওয়া,প্রভৃতি ব্যক্তি ঈশ্বরের রাজ্যের অধিকারী নয়।

১. ১ করন্থিয় ৬ ৯,১০. ইফিষীয় ৫ ৫,৬. ১ যোহন ৩ ১৪,১৫; গালাতীয় ৫ ২১।

**প্রভুর দিন - ৩৩**

**প্রশ্ন ৮৮. মানুষের কত গুলি অংশ তার রুপান্তরে বা পরিবর্তন সাধনে অংশগ্রহন করে?**

উত্তর দুটি অংশ - পুরাতন মনুষ্যকে বিসর্জন এবং নতুন মনুষ্যে দ্রুত পরিবর্তন।

১. রোমীয় ৬ ৪ - ৬, ইফিষীয় ৪ ২২,২৩;কলসীয় ৩ ৫; ১ করন্থিয় ৫ ৭।

**প্রশ্ন ৮৯. পুরাতন মনুষ্যের পরিবর্তন কী?**

উত্তর মানুষের পাপ ও অধর্ম সকল যা ঈশ্বরের বিরুদ্ধে, ঈশ্বরের কাছে আন্তরিক হৃদয়ে ক্ষমা প্রর্থনা করা ও তার থেকে দূরে থাকা।

১. গীতসংহীতা ৫১ ৩,৮,১৭; লুক ১৫ ১৮; রোমীয় ৮ ১৩,যোয়েল ১ ১২,১৩।

**প্রশ্ন ৯০. নতুন মনুষ্যে দ্রুত পরিবর্তন বলতে কী বোঝায়?**

উত্তর প্রভু যীশুর দ্বারা আমাদের হৃদয়ে ঈশ্বরের আন্তরিক খুশী বা আনন্দ ও প্রেম এবং তার সমস্ত ভাল কাজের দ্বারা ঈশ্বরের ইচ্ছা অনুসারে জীবন ব্যাতিত করা।

১. রোমীয় ৫ ১,২, ১৪ ১৭,যিশাইয় ৫৭ ১৫। ২. রোমীয় ৬ ১০,১১; ১ পিতর ৪ ২; গালাতীয় ২ ২০।

**প্রশ্ন ৯১. ভাল কাজ কী?**

উত্তর সে গুলিই যাহা প্রকৃত বিস্বাস থেকে আসে এবং ঈশ্বরের ব্যবস্থ অনুযায়ী তাঁর মহিমার জন্য করা হয়। যা মনুয্যের কল্পনাশক্তি এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসে তাহা নয়।

Created using easyPDF Printer
Click here to purchase a license to remove this image

১. রোমীয় ১৪ ২৩। ২. ১ শমূয়েল ১৫ ২২; ইফিষীয় ২ ২,১০। ৩. ১ করন্থিয় ১০ ৩১।

৪. দ্বিতীয়বিবরণ ১২ ৩২, যিহিস্কেল ২০ ১৮; মথি ১৫ ৯।

**প্রভুর দিন - ৩৪**

**প্রশ্ন ৯২. ঈশ্বরের ব্যবস্থা কী?**

উত্তর   যাত্রাপুস্তক ২০, দ্বিতীয়বিবরণ ৫ তে ঈশ্বর এই বিষয়ে কথা বলেছেন। আর ঈশ্বর এই সকল কথা কহিলেন, আমি তোমার ঈশ্বর সদাপ্রভু,যিনি মিশর দেশ হইতে , দাস- গৃহ হইতে, তোমাকে বাহির করিয়া আনিলেন।

১। আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক।

২। তুমি আপনার নিমিত্ত খোদিত প্রতিমা নির্মান করিও না।

৩। তোমার ঈশ্বর সদাপ্রভুর নাম অনর্থক লইও না।

৪। তুমি বিশ্রমদিন স্মরণ করিয়া পবিত্র করিও।

৫। তোমার পিতা ও মাতাকে সমাদর করিও।

৬। নরহত্যা করিও না।

৭। ব্যভিচার করিও না।

৮। চুরি করিও না।

৯। তোমার প্রতিবেশীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।

১০। তোমার প্রতিবেসীর গৃহে লোভ করিও না।

**প্রশ্ন ৯৩. কতগুলি ভাগে আদেশ গুলি বিভক্ত?**

উত্তর   দুটি ভাগে ।প্রথমত   কী ভাবে আমরা ঈশ্বরের কাছে আসব। দ্বিতীয়ত   আমাদের প্রতিবেশীর প্রতি আমাদের কী কর্তব্য।

১. যাত্রাপুস্তক ৩৪ ২৮,২৯। ২. দ্বিতীয়বিবরণ ৪ ১৩,১০ ৩,৪।

**প্রশ্ন ৯৪. প্রথম আদেশ দ্বারা ঈশ্বর কীভাবে আনন্দ পান? ( আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক)**

উত্তর  আমি নিজ আন্তরিক ইচ্ছায় নিজ আত্মার পরিত্রানের জন্য সমস্ত রকম ব্যবিচার, প্রতিমা পূজক,যাদুকর,ইন্দ্রজালিক, ভবিষ্যত সম্পর্কে অনুমান/ কথন,অন্ধবিশ্বাস,দৈবশক্তির কাছে প্রর্থনা বা অন্য কোনজীব বা প্রানীর পূজা থেকে নিজেকে দূরে রাখা এবং এক মাত্র সত্য ঈশ্বরকে অনুসন্ধান করা, কেবল তারই উপর বিশ্বাস রাখা এবং ধৈর্য্য ও নম্রতা সহকারে তাহার উপর সমর্পিত হওয়া। সমস্ত ভাল জিনিস তাঁহার কাছ থেকে আসে। প্রেম , ভয় ও মহিমা সহকারে সম্পূর্ণ হৃদয়ে তাহাকে স্বীরার করা। সুতরাং আমি সমস্ত রকম অসাধুতা এবং সেই সমস্ত জিনিস যা ঈশ্বরের বিরুদ্ধে তা পরিহার করলাম।

১.  ১ করন্থিয় ৬ ৯,১০; ১০ ৭,১৪। ২. ব্যবস্থাবিবরন ১৮ ২১; দ্বিতীয়বিবরণ ১৮ ১০ - ১২।

৩. মথি ৪ ১০; প্রকাশিত বাক্য ১৯ ১০। ৪. যোহন ১৭ ৩। ৫. যিরমিয় ১৭ ৫,৭।

৬. ইব্রীয় ১০ ৩৬; কলসীয় ১ ১১।রোমীয় ৫ ৩,৪; ফিলিপীয় ২ ১৪। ৭. ১ পিতর৫ ৫,৬।

৮. গীতসংহীতা ১০৪ ২৭; যিশাইয় ৪৫ ৭; যাকোব ১ ১৭। ৯.  দ্বিতীয়বিবরণ ৬ ৫; মথি ২২ ৩৭।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

১০. দ্বিতীয়বিবরণ ৬ ৫; মথি ১০ ২৮। ১১. মথি ৪ ১১। ১২. মথি ৫ ২৯,৩০; প্রেরিত ৫ ২৯; মথি ১০ ৩৭।

১৩. মথি ৫ ১৯।

**প্রশ্ন ৯৫. প্রতিমা পূজা কী?**

উত্তর এক মাত্র সত্য ও প্রকৃত ঈশ্বর যিনি নিজেকে তাঁর বাক্যের মাধ্যমে প্রকাশিত করেছেন তাহাকে ব্যাতিরেখে অন্য কোন ব্যক্তি বা বস্তুর উপর বিশ্বাস করা।

১. ২ বংশাবলি ১৬ ১২; ফিলিপিয় ৩ ১৮,১৯; গালাতীয় ৪ ৮; ইফিষীয় ২ ১২।

**প্রভুর দিন - ৩৫**

**প্রশ্ন ৯৬. ঈশ্বরের দ্বিতীয় আদেশের প্রয়োজনীতা কী? ( তুমি আপনার নিমিত্ত খোদিত প্রতিমা নির্মান করিও না)**

উত্তর ঈশ্বরের বাক্য ব্যাতিরেখে ঈশ্বরকে অন্য কোন মূর্তি বা পদ্ধতিতে আরাধনা না করা।

১. দ্বিতীয়বিবরণ ৪ ১৫,১৬; যিশাইয় ৪০ ১৮; রোমীয় ১ ২৩ এবং পরবর্তী অংশ। ; প্রেরিত ১৭ ২৯।

২. ১ শমূয়েল ১৫ ২৩; দ্বিতীয়বিবরণ ১২ ৩০।

**প্রশ্ন ৯৭. প্রতিমা তৈরি করা কী উচিত?**

উত্তর ঈশ্বর সদাপ্রভুকে অন্য কোন জিনিসের মাধ্যমে প্রতিনিধিত্ব করানো যায় না , কিন্তু জীব বা জন্তু যদিও তারা প্রতিনিধিত্ব করে তবুও ঈশ্বর তাদের সেবা করা বা আরাধনা করা থেকে দূরে থাকতে বলেছেন।

১. দ্বিতীয়বিবরণ ৪ ১৫,১৬; যিশাইয় ৪৬ ৫; রোমীয় ১ ২৩।

২. যাত্রাপুস্তক ২৩ ২৪, ৩৪ ১৩, ১৪; গণনাপুস্তক ৩৩ ৫২; দ্বিতীয়বিবরণ ৭ ৫।

**প্রশ্ন ৯৮. সাধারণ মানুষের বিশ্বাসের জন্য মণ্ডলীতে মূর্তি বা প্রতিমা রাখা কী উচিত?**

উত্তর না,আমাদের কে ঈশ্বরের থেকে বুদ্ধিমান ভাবা উচিত নয়, যিনি তাঁর অনুগামীদের কে জীবন্ত বাক্য দ্বারা শিক্ষাদেন, অন্য কোন প্রতিমা বা মূর্তি দ্বারা নয়।

১. যিরমিয় ১০ ১ এবং পরবর্তী অংশ। হবকুক ২ ১৮,১৯। ২. ২ তীমথিয় ৩ ১৬; ২ পিতর ১ ১৯।

**প্রভুর দিন - ৩৬**

**প্রশ্ন ৯৯. ঈশ্বরের তৃতীয় আদেশের প্রয়োজনীয়তা কী? ( তোমার ঈশ্বর সদাপ্রভুর নাম অনর্থক লইও না)**

উত্তর আমরা ঈশ্বর সদাপ্রভুর নামের নিন্দা করিয়া শাপ বা ঈশ্বরের নামের মিথ্যা দিব্য করা ইত্যাদির দ্বারা সদাপ্রভুর নাম অনর্থক নেওয়া উচিত নয়। এই সমস্ত পাপের ক্ষেত্রে আমাদের চুপ থাকা বা উপেক্ষা করা বা প্রচ্ছন্ন ভাবে প্রশ্রয় দেওয়া উচিত নয়। ঈশ্বর সদাপ্রভুর নামকে গভীর শ্রদ্ধ এবং ভয়ের সঙ্গে নেওয়া উচিত। সুতরাং আমরা ঈশ্বরকে আমাদের সমস্ত বাক্য, সমস্ত কার্য,প্রকৃত মনপরিবর্তন এবং উপসনার দ্বারা ঈশ্বরের মহিমা করা উচিত।

১. লেবীয় পুস্তক ২৪ ১১,১৯ ১২;মথি ৫ ৩৭, লেবীয় পুস্তক ৫ ৪। ২. যিশাইয় ৪৫ ২৩,২৪। ৩. মথি ১০ ৩২।

৪. ১ তীমথিয় ২ ৮। ৫. ১ করিন্থিয় ৩ ১৬,১৭।

**প্রশ্ন ১০০. ঈশ্বর সদা প্রভুর কোপাগ্নি কী তাদের উপর নেমে আসবে যারা ঈশ্বর সদা প্রভুরনামের নিন্দা করিয়া শাপ দেয় বা ঈশ্বরের নামের মিথ্যা দিব্য করেন ও ঈশ্বরের নাম কে অপবিত্র করেন?**

Created using easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর  অবশ্যই হ্যাঁ, ঈশ্বরের নামের নিন্দা করা বা তাঁর নামকে অপবিত্র করার মত আর কোন বড় পাপ বা অপরাধ নাই। সেইজন্য ঈশ্বর সদাপ্রভু আদেশ করেছেন এই পাপের একমাত্র উপযুক্ত শাস্তি হল মৃত্যু।

১. লেবীয় পুস্তক ৫ ১। ২. লেবীয় পুস্তক ২৪ ১৫।

**প্রভুর দিন - ৩৭**

**প্রশ্ন . আমরা কী ধর্মীয় ভাবে ঈশ্বরের নামে শপথ  নিতে পারি ?**

উত্তর   হ্যাঁ, যখন বিচারক এই আদেশ দেন , যখন ঈশ্বরের সত্য ও বিশ্বস্ততা প্রতিষ্ঠার প্রয়োজনে এবং প্রতিবেশীর নিরাপত্তার প্রয়োজনে আমরা ঈশ্বরের নামে শপথ নিতে পারি। এই ধরণের শপথ ঈশ্বরের বাক্যে পাওয়া যায়। পুরাতন ও নতুন নিয়মে প্রেরিতদের কে এই ধরনের শপথ নিতে উল্লেখ আছে।

১. যাত্রাপুস্তক ২২ ১১, নহিমিয় ১৩ ২৫। ২. দ্বিতীয়বিবরণ ৬ ১৩; ইব্রীয় ৬ ১৬।

৩. আদিপুস্তক ২১ ২৪; যিরমিয় ৯ ১৫,১৯; ১ শমূয়েল ২৪ ২২; ২ করন্থিয় ১ ২৩; রোমীয় ১ ৯।

**প্রশ্ন ১০২. আমরা কী সাধু বা অন্য কোন প্রাণীর নামে শপথ নিতে পারি ?**

উত্তর  না, এটা শুধু ঈশ্বর সদা প্রভুর নামেই করা উচিত কারণ ঈশ্বর আমাদের হৃদয় বোঝেন এবং বুঝতে পারেন যে আমি প্রকৃত সত্য স্বক্ষেরর জন্য করেছি কী না । কেউ যদি মিথ্যা ভাবে ঈশ্বরের নামে শপথ নেয় তাহলে তিনি তাকে শাস্তি দেন, এ সম্মান অন্য কারো হতে পারে না।

১.  ২ করন্থিয় ১ ২৩। ২. মথি ৫ ৩৪,৩৫।

**প্রভুর দিন - ৩৮**

**প্রশ্ন ১০৩. ঈশ্বরের চতুর্থ আদেশের প্রয়োজনীতা কী ? ( তুমি বিশ্রমদিন স্মরণ করিয়া পবিত্র করিও)**

উত্তর  প্রথমত   সুসমাচার প্রচারের জন্য ও লেবীয়ও ব্যবস্থা কে সম্মান করার জন্য , সেইজন্য আমি খ্রীষ্টান হওয়ার কারণে  বিশেষ ভাবে বিশ্রামের দিন ঈশ্বরের বাক্য শুনার জন্য আমি গীর্জাতে উপস্থিত হইব, বিবিধ ধর্মীয় অনুষ্ঠানে অংশ গ্রহন ক্করিব, সার্বজনীন ভাবে ঈশ্বরের উপাসনা করিব এবং গরীবদের দুঃখ,বেদনা ও উদ্বেগে তাদের সাহায্য করিব। দ্বিতীয়ত   আমার সমস্ত দিন- আমি আমার মন্দ কার্যে অবিশ্রান্ত ভাবে চলিতে থাকি, কিন্তু ঈশ্বরের পবিত্র আত্মার জন্য আমি নিজেকে ঈশ্বরের সম্মুখে উপস্থিত করিতে পারি এই ভাবে এই জীবনে আমার অনন্ত বিশ্রামের যাত্রা শুরু।

১. দ্বিতীয়বিবরণ  ১২ ১৯ ; তীত ১ ৫; ১ তীমথিয় ৩ ১৪,১৫; ১ করন্থিয়  ৯ ১১;২ তীমথিয় ২ ২।

২. লেবীয় ২৩ ৩। ৩. প্রেরিত ২ ২৪,৪৬; ১ করন্থিয় ১৪ ১৯,২৯,৩১; ১১ ৩৩। ৪. ১ তীমথিয় ২ ১।

৫. ১ করন্থিয় ১৬ ২। ৬. যিশাইয় ৬৬ ২৩।

**প্রভুর দিন - ৩৯**

**প্রশ্ন ১০৪.  ঈশ্বরের পঞ্চম আদেশের প্রয়োজনীতা কী ? ( তোমার পিতা ও মাতাকে সমাদর করিও)**

উত্তর  আমি যেন আমার পিতা ও মাতা কে সম্পূর্ণ প্রেম,সম্মান এবং আমার আনুগত্য প্রদান করি এবং আমার সম্পূর্ন অধিকার যেন তাদের উপর দিই এবং আমি তাদের পরামর্শ ও সংশোধনীকে সম্পূর্ণ বাধ্যতার সঙ্গে মান্য করি এবং তাদের দোষ এবং দূর্বলতা ধৈর্যের সঙ্গে বহন করি , ইহাতে ঈশ্বর প্রীত হন কারন তিনি আমাদেরকে তাদের হাতে পরিচালিত হতে দিয়েছেন।

১. ইফিষীয় ৬ ১,২ এবং পরবর্তী অংশ ; কলসীয় ৩ ১৮,২০; ইফিষীয় ৫ ২২; রোমীয় ১ ৩১।

২. হিতোপদেশ ২৩ ২২।৩. ইফিষীয় ৬ ৫,৬; কলসীয় ৩ ১৯,২১; রোমীয় ১৩ ১ - ৮; মথি ২২ ২১।

Created using easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রভুর দিন - ৪০**

**প্রশ্ন ১০৫. ঈশ্বরের ষষ্ঠ আদেশের প্রযোজনীতা কী? (নরহত্যা করিও না)**

উত্তর   আমি কখনই আমার চিন্তায়,বাক্যে,আচার ব্যবহারে,কার্যে আমি আমার প্রতিবেশীকে আমার দ্বারা বা অন্যের দ্বারা অসম্মান,ঘৃণা, আঘাত বা হত্যা করতে পারি না। আমি আমার ইচ্ছায় ও প্রতিশোধের বশবর্তী হয়ে নিজেকে আঘাত করতে পারি না বা ইচ্ছাকৃত ভাবে নিজেকে বিপদগ্রস্থ করতে পারি না যেখানে বিচারক আমাকে হত্যাকারি বলে প্রমানিত করতে পারে।

১. মথি ৫ ২১,২২; হিতোপদেশ ১২ ১৮; মথি ২৬ ৫২। ২. ইফিষীয় ৪ ২৬; রোমীয় ১২ ১৯; মথি ৫ ৩৯,৪০।

৩. মথি ৪ ৫ - ৭; কলসীয় ২ ২৩। ৪. আদিপুস্তক ৯ ৬; মথি ২৬ ৫২; রোমীয় ১৩ ৪।

**প্রশ্ন ১০৬. কিন্তু এই আদেশ কী কেবল মাত্র হত্যাকারির সমন্ধে বলাহয়েছে?**

উত্তর   হত্যা না করার জন্য বলাহয়েছে। ঈশ্বর আমাদের কে শিক্ষা দেন যে শত্রুতা,ঘৃর্ণা,ক্রোধ এবং প্রতিশোধের ইচ্ছা সমস্থ কিছুই তিনি হত্যা হিসাবে গণ্য করেন।

১. যাকোব ২০;গালাতীয় ৫ ২০; রোমীয় ১ ২৯; ১ যোহন ২ ৯। ২. ১ যোহন ৩ ১৫।

**প্রশ্ন ১০৭. কিন্তু এটাই কী যথষ্ট নয় যে যদি আমরা উপরোউল্লিখিত নির্দেশ অনুসারে কোন মানুষকে হত্যা না করি?**

উত্তর   না, ঈশ্বর আমাদেরকে শত্রুতা,ঘৃর্ণা ও ক্রোধ পরিহার করতে বলেছেন এবং তিনি আদেশ দিয়েছেন যেন আমরা আমাদের প্রতিবেশীকে আমাদের মত প্রেম করি, যাতে আমরা তাদের প্রতি ধৈর্য্য,শান্তি, শান্ত ও **সহিষঞ্চ**,দয়া এবং সমস্ত করুণা তাদের দেখাতে পারি এবং যতসম্ভব তাদের হৃদয়কে রক্ষা করতে পারি এবং যাহাতে আমরা আমাদের শত্রুদের প্রতিও যেন ভাল কার্য করতে পারি ।

১. মথি ২২ ৩৯;৭ ১২।

২. রোমীয় ১২ ১০; ইফিষীয় ৪ ২; গালাতীয় ৬ ১,২; মথি ৫ ৫; রোমীয় ১২ ১৮; যাত্রাপুস্তক ২৩ ৫।

৩.মথি ৫ ৪৫। ৪. রোমীয় ১২ ২০।

**প্রভুর দিন - ৪১**

**প্রশ্ন ১০৮ . ঈশ্বরের সপ্তম আদেশ আমাদের কী শিক্ষাদেয়? ( ব্যভিচার করিও না)**

উত্তর  সমস্ত অশুদ্ধতা যা ঈশ্বরের বিরুদ্ধে যাতে আমরা হৃদয় থেকে এই সমস্ত বিষয় থেকে  দূরে থাকি। যাতে আমরা নির্মলচিত্তে এবং মিতাচারী হয়ে পবিত্র বিবাহিত জীবন বা অবিবাহিত জীবন যাপন করতে পারি।

১. লেবীয় ১৮ ২৭। ২. দ্বিতীয়বিবরণ   ২৯ ২০ - ২৩। ৩. ১ থিষলকীনীয় ৪ ৩,৪।

৪. ইব্রীয় ১৩ ৪;  ২ করন্থিয় ৭ ৪ - ৯।

**প্রশ্ন ১০৯. ঈশ্বর কী এই আদেশে কেবল মাত্র ব্যবিচারের মত পাপকে পরিত্যাগ করতে বলেছেন?**

উত্তর   যেহেতু আমাদে শরীর ও আত্মা পবিত্র আত্মার  মন্দির সুতরাং তিনি আমাদের শুদ্ধ ও পবিত্র থাকতে বলেছেন। সেই জন্য তিনি সমস্ত অশুদ্ধ কার্য , আচারন, বাক্য, চিন্তা, ইচ্ছা এবং যে সমস্ত বস্তু মানুষকে প্রলুব্ধ করে তা থেকে আমাদের দূরে থাকতে বলেছেন।

১. ইফিষীয় ৫ ৩;  ১ করন্থিয় ৬ ১৮। ২. মথি ৫ ২৮। ৩. ইফিষীয় ৫ ১৮;  ১ করন্থিয় ১৫ ৩৩।

**প্রভুর দিন - ৪২**

**প্রশ্ন ১১০. ঈশ্বর তাঁর অষ্টম আদেশে কী নিষিদ্ধ করেছেন? ( চুরি করিও না)**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর   ঈশ্বর কেবল মাত্র চুরি বা ডাকাতি কে নিষিদ্ধ করেন নাই যা বিচারকের কাছে শাস্তি যোগ্য তাহা নয় কিন্তু  সমস্থ ছলচাতুরি ও দুষ্ট পরিকল্পনা,অন্যায় ও দৌরাত্ব যা প্রতিবেশীর বিরুদ্ধে , অন্যায়পূর্ব্বক ও ছলনার নিক্তি ন্যায্য বাট্খারায় তুষ্টিকর, অসমতুল্য পরিমাপ যোগ্য, সুদের জন্য টাকা ধারদেওয়া, নির্দোষের বিরুদ্ধে উৎকোচ লওয়া অথবা যে সমস্ত পথ যা ঈশ্বরের নির্দেশ বিরুদ্ধ এবং অন্যের জিনিসের প্রতি লোভ, সমস্ত কুকাজ,গালিগালাজ, অপমানকর ভাষায় কাউকে কিছু বলা এবং ঈশ্বরের দানের বা উপহারের অপব্যবহার করা।

১. ১ করন্থিয় ৬ ১০। ২. ১ করন্থিয় ৫ ১০। ৩. লুক ৩ ১৪ , ১ থিষলকীনীয় ৪ ৬। ৪. হিতোপদেশ ১১ ১।

৫. যিহিস্কেল ৪৫ ৯ - ১১. দ্বিতীয়বিবরণ  ২৫ ১৩। ৬. গীতসংহিতা ১৫ ৫, লুক ৬ ৩৫। ৭. ১ করন্থিয় ৬ ১০।

**প্রশ্ন ১১১. কিন্তু এই আদেশে ঈশ্বর কী নির্দেশ দিয়েছেন ?**

উত্তর   যাহাতে সর্ব্ববিষয়ে আমি যাহা ইচ্ছা করি যে লোকে আমার প্রতি করে যেন আমি তাহাদের প্রতি তাহা করি। আমি যেন স্বহস্তে সদ্ব্যাপারে পরিশ্রম করি যেন দীনহীনকে দিবার জন্য আমার হাতে কিছু থাকে।

১. মথি ৭ ১২। ২. হিতোপদেশ ৫ ১৬; ইফিষীয়  ৪ ২৮।

**প্রভুর দিন - ৪৩**

**প্রশ্ন ১১২. ঈশ্বরের নবম আদেশের প্রয়োজনীতা কী ? ( তোমার প্রতিবেশীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না)**

উত্তর   আমি যেন অন্যের বিরুদ্ধে মিথ্যস্বাক্ষনা দিই বা অন্যের প্রতি মিথ্যা বা প্রতারণাপূর্ণ কথা না বলি যেন আমি অন্যের বিরুদ্ধে মিথ্যা কলঙ্ক না রটাই বা কুৎসাকারী না হই, আমি যেন বিচার না করি, অন্যকে দোষীকৃত না করি, আপন আপন স্বজাতীয়কে বঞ্চনা না করি কিন্তু যদি আমি নিজেকে ঈশ্বরের ক্রোধে  আনতে না চাই তবে যেন সমস্ত মিথ্যা ও ছলনা থেকে দূরে থাকি যা শয়তানের প্রকৃত কার্য। যেন আমি সমস্ত বিচারে সত্যকে প্রেম করি , ধার্মিকতার কথা বলি ও তা স্বীকার করি এবং যেন আমি তার উন্নীত করি এবং যতসম্ভব আমি আমার প্রতিবেশীর ও  চরিত্রের ভাল গুণের সম্মান করি।

১. হিতোপদেশ ১৯ ৫,৯; ২১ ২৮। ২. গীতসংহিতা ১৫ ৩। ৩. রোমীয় ১ ২৯,৩০।

৪. মথি  ৭ ১ এবং পরবর্তী অংশ ; লুক ৬ ৩৭। ৫. লেবীয় ১৯ ১১।  ৬. হিতোপদেশ ১২ ২২; ১৩ ৫।

৭. ১ করন্থিয় ১৩ ৬ ; ঈফিষীয় ৪ ২৫। ৮. ১ পিতর ৪ ৮।

**প্রভুর দিন - ৪৪**

**প্রশ্ন ১১৩. আমাদের জন্য ঈশ্বরের দশম আদেশের প্রয়োজনীতা কী ? ( তোমার প্রতিবেসীর গৃহে লোভ করিও না)**

উত্তর   যেতে আমাদের হৃদয়ে ঈশ্বরের আদেশের বিরুদ্ধে কোন ছোট চিন্তা বা তার প্রবণতা না আসে কিন্তু আমরা যেন সমস্ত পাপকে হৃদয় থেকে ঘৃণা করি এবং সমস্ত ধার্মীকতায় আনন্দ করি।

১. রোমীয় ৭ ৭ এবং পরবর্তী অংশ।

**প্রশ্ন ১১৪. কিন্তু যারা ঈশ্বরকে ছলনা করে তারা কী এই সমস্ত আদেশকে সম্পূর্ণরূপে পালন করতে পারে ?**

উত্তর   না, কিন্তু এক জন  ধার্মীক ব্যক্তির পক্ষে এই জীবনে এই আজ্ঞানুবর্তিতার সামন্য শুরু মাত্র । যদিও আন্তরিক পুনঃ সমাধানের জন্য সামান্য নয় পরন্তু সমস্ত আদেশ পালন করণর্থে জীবন শুরু করা ভাল।

১. রোমীয় ৭ ১৪। ২. রোমীয় ৭ ২২,১৫ এবং পরবর্তী অংশ; যাকোব ৩ ২।

**প্রশ্ন ১১৫. কেন ঈশ্বর তাঁর দশ আজ্ঞাকে এত কঠিন ভাবে  দিয়েছেন যা কোন মানুষ এই জীবনে পালন করতে অসমর্থ ?**

উত্তর   প্রথমত  যাতে আমরা আমাদের জীবনে আমাদের পাপময় স্বভাবকে আর গভীর ভাবে জানতে পারি যাতে আমরা খ্রীষ্টেতে আমাদের পাপ থেকে পরিত্রান ও ধার্মীকতাকে আরও গভীর ভাবে আনুভব করতে পারি যাতে আমরা নিরন্তর ঈশ্বরের কাছে পবিত্র

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

আত্মার অনুগ্রহের জন্য প্রর্থনা করি আর যাতে আমরা গভীর ভাবে ঈশ্বরের অংশে রুপান্তরিত হই যতখন না আমরা আমাদের পরবর্তী জীবনের সম্পূর্ণতা প্রাপ্ত হই।

১. ১ যোহন ১ ৯; রোমীয় ৩ ২০, ৫ ১৩ , ৭ ৭। ২. রোমীয় ৭ ২৪। ৩. ১ করন্থিয় ৯ ২৪ ; ফিলিপীয় ৩ ১২ - ১৪।

**প্রভুর দিন - ৪৫**

**প্রশ্ন ১১৬. কেন খ্রীষ্টানদের প্রর্থনার প্রয়োজনীতা আছে?**

উত্তর   কারণ এটাই ধন্যবাদের মুখ্য বিষয় যা ঈশ্বর আমাদের কাছ থেকে আশা করেন এবং যারা আন্তরিক হৃদয়ে তাদের সমস্ত ইচ্ছাকে ধন্যবাদের সঙ্গে ঈশ্বরের কাছে সমর্পণ করেন ঈশ্বর তাদেরকে তাঁর অনুগ্র ও পবিত্র আত্মা প্রদান করেন।

১. গীতসংহিতা ৫০ ১৪,১৫। ২. মথি ৭ ৭,৮. ; লুক ১১ ৯,১৩; ১৩  ১২;  গীতসংহিতা ৫০ ১৫।

**প্রশ্ন ১১৭. কী ধরণের প্রর্থনা অনুরোধ ঈশ্বর শুনেন এবং গ্রহণ করেন?**

উত্তর   প্রথমত   যখন আমরা আমাদের হৃদয় থেকে প্রার্থনা করি একজন সত্য ঈশ্বরের কাছে যিনি তাঁর বাকের মধ্য দিয়ে নিজেকে প্রকাশ করেছেন আমাদের সমস্ত বিষয় সমন্ধে যা তিনি আমাদেরকে আদেশ করেছেন। দ্বিতীয়ত  যখন আমরা আমাদের প্রকৃত প্রয়োজনীতা ও যন্ত্রনাকে জেনে গভীর নম্রতার সঙ্গে তাঁর ঐশ্বর্গীক উপস্থিতিতে আমরা নিজেকে উপস্থিত করি। তৃতীয়ত  যখন আমরা প্রকৃত পক্ষে অসমর্থ ও জানি যে আমরা তাঁর সম্মুখে দঁড়াতে অযোগ্য এবং প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহে সক্ষম, তখন তিনি আমাদের প্রার্থনা শুনেন যেমন তিনি তাঁর বাক্যে আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন।

১. যোহন ৪ ২২,২৩। ২. রোমীয় ৮ ২৬; ১ যোহন ৫ ১৪। ৩. যোহন ৪ ২৩,২৪; গীতসংহিতা ১৪৫ ১৮।

৪. ২ বংশাবলি ২০ ১২। ৫. গীতসংহিতা ২ ১১; ৩৪ ১৮,১৯; যিশাইয় ৬৬ ২।

৬. রোমীয় ১০ ১৩ ; ৮ ১৫,১৬ ; যাকোব ১ ৬ এবং পরবর্তী অংশ ; যোহন ১৪ ১৩ ;দানিয়েল ৯ ১৭,১৮ ; মথি ৭ ৮ ; গীতসংহিতা ১৪৩ ১।

**প্রশ্ন ১১৮. ঈশ্বর আমাদেরকে তাঁর কাছ থেকে কী যাঞ্চা করতে আদেশ করেছেন?**

উত্তর   সমস্ত কিছুই যা আমাদের আত্মা ও শরীরের জন্য প্রয়োজনীয় যা প্রভু যীশুখ্রীষ্ট তাঁর প্রর্থনায় আমাদেরকে শিক্ষাদিয়েছেন।

১. যাকোব ১ ১৭ ; মথি ৬ ৩৩। ২. মথি ৬ ৯,১০, এবং পরবর্তী অংশ ; লুক ১১  ২,এবং পরবর্তী অংশ।

**প্রশ্ন ১১৯. ঐ প্রর্থনার বাক্য গুলি কীকী?**

উত্তর   হে আমাদের স্বর্গস্থ পিতা; তোমার নাম পবিত্র বলিয়া মান্য হইক, তোমার রাজ্য আইসুক, তোমার ইচ্ছা সিদ্ধ হউক,যেমন স্বর্গে তেমন পৃথিবীতেও হউক; আমাদের প্রয়োজনীয় খাদ্য আজ আমাদের দেও;আর আমাদের অপরাধ সকল ক্ষমা কর,যেমন আমরাও আপন আপন অপরাধীদিগকে ক্ষমা করিয়াছি;আর আমাদিগকে পরীক্ষাতে আনিও না,কিন্তু মন্দ হইতে রক্ষা কর। কারণ রাজ্য, পরাত্রম ও মহিমা যুগে যুগে তোমার হউক। অমেন।

**প্রভুর দিন - ৪৬**

**প্রশ্ন ১২০. কেন খ্রীষ্ট ঈশ্বরকে  আমাদের পিতা বলে সমন্ধন করতে আদেশ করেছেন?**

উত্তর   আমাদের প্রর্থনার শুরুতেই আমরা ঈশ্বরকে পিতা বলে সমন্ধন করি কারন খ্রীষ্ট আমাদের উৎসাহিত করেছেন যাতে আমরা ছোট বচ্চার মত সম্মান ও নিশ্চয়তা প্রপ্ত হই যাতে ঈশ্বর প্রভু যীশুখ্রীষ্টের মধ্যমে আমাদের পিতাা হন। যখন আমরা প্রকৃত বিশ্বাসে তাঁর কাছে যাঞ্চাকরি তখন তিনি আমাদেরকে অস্বিকার করেন না। যদিও সংসারিক আমাদের পিতা মাতা দিতে অস্বিকার করেন।

১.মথি ৬ ৯। ২. মথি ৭ ৯ - ১১. লুক ১১ ১১ ; যিশাইয় ৪৯ ১৫।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

**প্রশ্ন ১২১. 'যেমন স্বর্গে' - এই কথাটি কেন যুক্ত আছে?**

উত্তর যাতে আমরা পার্থিব ধারনা/ জাগতিক বস্তু কে ঈশ্বরের ঐশ্বর্গীকতায় তুলনা না করি এবং আমরা আমাদের আত্মিক ও শারিরীক সমস্ত প্রয়োজনীয় বিষয়ে ঈশ্বরের সর্বশক্তিমান ক্ষমতাকে অনুভব করি।

১. যিরমিয় ২৩ ২৪। ২. প্রেরিত ১৭ ২৪ ; রোমীয় ১০ ১২।

**প্রভুর দিন - ৪৭**

**প্রশ্ন ১২২. প্রথম আর্জি বা আবেদন কী?**

উত্তর ' তোমার নাম পবিত্র বলে মান্য হউক' এটা আমাদের জন্য অনুমোদন করা হইয়াছে , যাতে প্রকৃত পক্ষে আমরা ঈশ্বরকে জানতে পারি এবং তাঁর সমস্ত কার্যে তাকে মহিমান্বিত, প্রশংসিত ও পবিত্র বলিয়া মান্য করি ,যেখানে তাঁর সর্বময় ক্ষমতা, জ্ঞান, উৎকর্ষ,বিচার, দয়া ও সত্য পরিস্কার ভাবে প্রকাশিত হয়েছে যাতে আমাদের সমস্ত জীবন সঠিক ভাবে নির্দেশিত হয় - আমাদের চিন্তায়, আমাদের কথায়/বাক্যে এবং কার্যে যাতে তাঁর পবিত্র নাম অনর্থক না হয় কিন্তু আমাদের জীবন দ্বারা তাঁর নাম সম্মানিত ও প্রশংসিত হয়।

১. মথি ৬ ৯। ২. যোহন ১৭ ৩, যিরমিয় ৯ ২৩,২৪; মথি ১৬ ১৭; যাকোব ১ ৫।

৩. গীতসংহিতা ১১৯ ১৩৭,১৩৮; লুক ১ ৪৬;গীতসংহিতা ১৪৫ ৯। ৪. গীতসংহিতা ১১৫ ১ ; গীতসংহিতা ৭১ ৮।

**প্রভুর দিন - ৪৮**

**প্রশ্ন ১২৩. দ্বিতীয় আর্জি বা আবেদন কী?**

উত্তর 'তোমার রাজ্য আসুক' - যাতে তোমার বাক্য ও আত্মার দ্বারা আমরা নিয়ন্ত্রিত হই,আমরা যাতে গভীরভাবে নিজেকে তোমার হাতে সম্পর্ণ করতে পারি, তোমার মণ্ডলীকে সংরক্ষণ ও বৃদ্ধি করতে পারি । সমস্ত শয়তানিক কার্য ও হিংসা এবং সমস্ত অধার্মিক যুক্তি যা তোমার বাক্যের বিরুদ্ধে ও তোমার রাজ্যের বিরুদ্ধে তা ধ্বংস করতে পারি । যতখন না তোমার রাজ্য সম্পূর্ণ রূপে আসে যেখানে তুমিই সর্ব্বোর্ব্বা হন।

১. মথি ৬ ১০। ২. গীতসংহিতা ১১৯ ৫। ৩. গীতসংহিতা ৫১ ১৮। ৪. ১ যোহন ৩ ৮ ; রোমীয় ১৬ ২০।

৫. প্রকাশিত বাক্য ২২ ১৭, ২০। ৬. ১ করন্থিয় ১৫ ১৫, ২৮।

**প্রভুর দিন - ৪৯**

**প্রশ্ন ১২৪. তৃতীয় আর্জি বা আবেদন কী?**

উত্তর ' তোমার ইচ্ছা সিদ্ধ হউক, যেমন স্বর্গে তেমনি পৃথিবীতেও হউক' - যাতে আমরা আমাদের নিজ ইচ্ছাকে বর্জন করতে পারি এবং কোন অসন্তোষ বা বিরক্তি প্রকাশ না করে তোমার ( ঈশ্বরের) ইচ্ছাকে স্বিকার করতে পারি যা আমাদের জন্য একমাত্র ভাল/উত্তম। যেমন স্বর্গে স্বর্গদুতেরা তেমনি আমরা আমাদের কর্মকেন্দ্র ও আহ্বান অনুসারে স্বইচ্ছায় ও বিশ্বস্ততার সঙ্গে তোমার ইচ্ছাকে পালন করিতে পারি।

১. মথি ৬ ১০। ২. মথি ১৬ ২৪ ; তীত ২ ১২। ৩. লুক ২২ ২৪। ৪. ১ করন্থিয় ৭ ২৪ ; ইফিষীয় ৪ ১।

৫. গীতসংহিতা ১০৩ ২০।

**প্রভুর দিন - ৫১**

**প্রশ্ন . ১২৬. চতুর্থ আর্জি বা আবেদদ কী?**

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image

উত্তর ‘ আর আমাদের অপরাধ সকল ক্ষমা কর, যেমন আমরাও আপন আপন অপরাধীদিগকে ক্ষমা করিয়াছি’ - প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশীয় রক্তের সৈজন্যে আমরা অন্যের পাপের সীমালঙ্ঘন জন্য অভিযুক্ত না হই যা সর্বদাই আমাদেরকে দ্বিখণ্ডিত ( অভিযুক্ত) করে যখন আমরা এর প্রমানকে স্বর্গীয় অনুগ্রহের সঙ্গে অনুভব করি। এটাই আমাদের প্রতিবেশীর সঙ্গে আমাদের হৃদয়ের পুনঃমিলন।

১. মথি ৬ ১২। ২. গীতসংহিতা ৫১ ১ ; ১ যোহন ২ ১,২। ৩. মথি ৬ ১৪,১৫।

**প্রভুর দিন - ৫২**

**প্রশ্ন ১২৭. ষষ্ঠ আর্জি বা আবেদন কী?**

উত্তর ‘ আর আমাদিগকে পরিক্ষাতে আনিও না, কিন্তু মন্দ হইতে রক্ষা কর।’ - যেহেতু আমরা এতই দূর্বল যে আমরা নিজ সামর্থে এক মুহূর্তের জন্য দাঁড়াতে অসমর্থ এবং আমাদের বিপক্ষে আছে আমাদের পরম শত্রু দিয়াবল, এই জগত ( জাগতিকতা) এবং আমাদের মাংসিক অভিলাশা যাতে আমাদেরকে শারীরিক ভাবে আক্রমণ করতে না পারে সেই জন্য তিনি (ঈশ্বর) তাঁর পবিত্র আত্মার শক্তি দ্বারা আমাদেরকে সংরক্ষণ করেন ও শক্তিশালি করেন যাতে আমরা এই আত্মিক যুদ্ধকে অতিক্রম করতে পারি ও নিরন্তর ভাবে এবং প্রবল ভাবে আমাদের শত্রুকে প্রতিরোধ করতে পারি যতখন না পর্যন্ত আমরা সম্পূর্ণ রুপে বিজিত না হই।

১. মথি ৬ ১৩।২. রোমীয় ৮ ২৬ ; গীতসংহিতা ১০৩ ১৪। ৩. ১ পিতর ৫ ৮। ৪. ইফিষীয় ৬ ১২ ; যোহন ১৫ ১৯।

৫. রোমীয় ৭ ২৩ ; গালাতীয় ৫ ১৭। ৬. মথি ২৬ ৪১ ; মার্ক ১৩ ৩৩। ৭. ১ থিষলনীকীয় ৩ ১৩ ; ৫ ২৩।

**প্রশ্ন ১২৮. কীভাবে তিনি তাঁর প্রর্থনাকে শেষ করেছেন?**

উত্তর ‘ কারণ রাজ্য,পরাক্রম ও মহিমা যুগে যুগে তোমার’ - সমস্ত কিছু আমরা ঈশ্বরের কাছে যাঞ্চাকরি কারণ তিনি আমাদের রাজা এবং সর্বশক্তিমান, তিনি সমস্ত ভাল কিছুই আমাদের দিতেইচ্ছুক ও সমর্থ আর যা কিছু আমরা প্রর্থনা করি তার দ্বারা আমরা নই পরন্তু তাঁর পবিত্র নামই সর্বদাই উচ্চকৃত হয়।

১. মথি ৬ ১৩। ২. রোমীয় ১০ ১২ ; ২ পিতর ২ ৯। ৩.যোহন ১৪ ১৩ ;গীতসংহিতা ১১৫ ১ ; ফিলিপীয় ৪ ২০।

**প্রশ্ন ১২৯. আমেন কথার অর্থ কী?**

উত্তর এর অর্থ এটা সত্য সত্যই হইবে যাতে আমার প্রর্থনা ঈশ্বরের কাছে নিশ্চিত রুপে গ্রহন যোগ্য হয় তখন আমি যা যাঞ্চাকরেছি তার পূর্ণতা আমার হৃদয়ে অনুভব করি।

১. ২ করন্থিয় ১ ২০ ; ২ তীমথিয় ২ ১৩।

Created using
easyPDF Printer
Click here to purchase a license to remove this image